যজ্ঞের অনুষ্ঠানদ্বারা আমাকে ভজনা করেন। তাঁহাদিগের মধ্যেও কতক ব্যক্তি এক ভাবিয়া, তাঁহারা আমার দাস, এই জ্ঞানে উপাসনা করেন, আরো কোন২ ব্যক্তি সর্ব্বময় আমাকে ব্রহ্ম-রুদ্রাদিরূপে ভজনা করিয়া থাকেন॥ ১৫ ॥ (পরমেশ্বর যে সর্ব্বস্বরূপ চারি শ্লোকে ইহার বিস্তার কহিতেছেন) অগ্নিষ্টোমাদি যাগ, গৃহস্থের কর্ত্তব্য পঞ্চযজ্ঞাদি, পিতৃলোকের উদ্দেশে শ্রাদ্ধাদি, অন্নাদি ভেষজ, যজন ক্রিয়ার প্রধানাঙ্গ মন্ত্রাদি, হোমের কারণ ঘৃতাদি, অগ্নি, হোম, এ সকলই আমি ॥ ১৬ ॥ এ জগতের পিতা, মাতা, কর্ম্মফলের বিধানকর্ত্তা, পিতামহ, জ্ঞেয় বস্তু, পবিত্রকারণ, প্রণব, ঋগ্বেদ, সামবেদ, যজুর্ব্বেদ, এ সকল আমিই হই॥ ১৭ ॥ পবিত্র ফল, নিয়মকর্ত্তা, শুভাশুভদর্শক, ভোগস্থান, রক্ষক; হিতকারী, সৃষ্টিকারী, প্রলয়স্থল, জগতের আদি কারণ, (এ সকলই আমি কিন্তু আমার বিনাশ নাই)॥ ১৮ ॥ গ্রীষ্ম কালে আমিই আদিত্যরূপে বিশ্বের উত্তাপ জন্মাই এবং বর্ষা কালে বৃষ্টির সৃষ্টি করি। আর অন্য সময়ে ঐ বৃষ্টির আকর্ষণ করিয়া থাকি, এবং জীবের জীবন, বিনাশ, দর্শনের যোগ্যাযোগ্য স্থূল সূক্ষ্ম বস্তু, ইত্যাদি সকলই আমি। (এই রূপ জানিয়া লোকেরা নানা প্রকারে আমার উপাসনা করেন) ॥ ১৯ ॥ (জীবব্রহ্মের অভেদ বোধে, অথবা ভিন্ন বোধ করিয়াও যাহারা পরমেশ্বরের উপাসনা করে না, তাহাদিগের জন্ম-মৃত্যুর বিচ্ছেদ হয় না, দুই শ্লোকের দ্বারা ইহা কহিতেছেন) বেদবিহিত কর্ম্মপর ব্যক্তিরা (অন্য দেবতা সকল যে আমারই রূপান্তর তাহা জানে না কিন্তু) বেদবিহিত যজ্ঞদ্বারা অন্য দেবতারূপে আমারই পূজা ও যজ্ঞাবশিষ্ট সোমরস পান করণপূর্ব্বক নিষ্পাপ হইয়া স্বর্গবাস প্রার্থনা করে, পরে ঐ প্রার্থনার ফল স্বর্গ প্রাপ্ত হইয়া তাহারা স্বর্গেতে উত্তমোত্তম দেবভোগ্য দ্রব্যাদি সম্ভোগ করিতে পায়॥ ২০ ॥ স্বর্গপ্রার্থকেরা প্রার্থিত স্বর্গ ভোগ করিয়া স্বর্গপ্রাপক পুণ্য ক্ষয় হইলে পর পুনরায় মনুষ্যলোকে আগমন করে, অনন্তর পুনর্ব্বার স্বর্গাভিলাষী হইয়া বেদত্রয়বিহিত ঐ সকল কর্ম্মানুষ্ঠান করিয়া থাকে, অতএব কামনাশীল ব্যক্তিদের এই রূপ যাতায়াতমাত্রই লাভ হয়॥ ২১ ॥ কিন্তু যাঁহারা অন্য কামনা ত্যাগপূর্ব্বক

স্বামিকৃত টীকা।

গতিং প্রার্থয়ন্তে, তে পুণ্যফলরূপং সুরেন্দ্রস্য লোকং স্বর্গমাসাদ্য প্রাপ্য তত্রৈব দিবি স্বর্গে দিব্যানুত্তমান্দেবানামোগানশ্নন্তি ভুঞ্জতে॥ ২০ ॥ ততশ্চ তে তমিতি। তে স্বর্গকামাস্তং বিপুলং স্বর্গলোকং তৎসুখং ভুক্ত্বা ভোগপ্রাপকে পুণ্যে ক্ষীণে সতি মর্ত্যলোকং প্রবিশন্তি। পুনরপ্যেবং মদ্মৈতদ্বেদত্রয়বিহিতং ধর্ম্মমনুপ্রপন্নাঃ কামকামা ভোগান্ কাময়মানা গতাগতং যাতায়াতং লভন্তে॥ ২১ ॥ মদ্ভক্তাস্তু মৎপ্রসাদেন কৃতার্থা ভবন্তীত্যাহ অনন্যা ইতি। নাস্তি

পর্য্যুপাসতে। তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহং ॥ ২২ ॥ যেঽপ্যন্যদেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ। তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকং ॥ ২৩ ॥ অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ। নতু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে ॥ ২৪ ॥ যান্তি দেবব্রতা দেবান্ পিতৄন্ যান্তি পিতৃব্রতাঃ। ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি মদ্যাজিনোঽপি মাং ॥ ২৫ ॥ পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রয়চ্ছতি। তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রয়তাত্মনঃ ॥ ২৬ ॥ যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুস্ব মদর্পণং। ॥ ২৭ ॥ শুভাশুভফলৈরেবং মোক্ষসে কর্ম্মবন্ধনৈঃ। সংন্যাসযোগযুক্তাত্মা বিমুক্তো-মামুপৈষ্যসি ॥ ২৮ ॥ সমোঽহং সর্ব্বভূতেষু ন মে

স্বামিকৃত টীকা।

মদ্ব্যতিরেকেণান্যৎ কামং যেষাং তে, তথাভূতা যে জনা[illegible] চিন্তয়ন্তঃ সেবন্তে তেষান্তু নিত্যাভিযুক্তানাং সর্ব্বদা মদেকনিষ্ঠানাং যোগং ধনাদি[illegible]ঃ ক্ষেমং তৎপালনং মোক্ষাখ্যঞ্চ তৈরপ্রার্থিতমপি অহমেব বহামি প্রাপয়ামি ॥ ২২ ॥ [illegible] চ ত্বদ্ব্যতিরেকেণ বস্তুতোদেবতান্তরস্যাভাবাদিন্দ্রাদি সেবিনোঽপি ত্বদ্ভক্তা-এবেতি কথং গতাগতং লভন্ত-ইত্যাহ যেঽপীতি। শ্রদ্ধয়োপেতা ভক্তাঃ সন্তো যে জনা অন্যা দেবতা ইন্দ্রাদিরূপা যজন্তে তেঽপি মামেব যজন্তীতি সত্যং, কিন্তুবিধিপূর্ব্বকং মোক্ষপ্রাপকবিধিম্বিনা যজ[illegible]ন্ত পুনরাবর্ত্তন্তে ॥ ২৩ ॥ এতদেব বিবৃণোতি। অহমিতি। সর্ব্বেষাং যজ্ঞানাং তত্তদ্দেবতারূপে[illegible]হমেব ভোক্তা, প্রভুঃ স্বামী, ফলদাতা চাহমেবেত্যর্থঃ। এবন্তু তং মাং তত্ত্বেন যথাবন্নাভিজানন্তি [illegible]তস্তে চ্যবন্তি পুনরাবর্ত্তন্তে। যে তু সর্ব্বদেবতাসু মামন্তর্যামিনং পশ্যন্তঃ তে তু নাবর্ত্তন্তে ॥ ২৪ ॥ তদেবোপপাদয়তি যান্তীতি। [illegible]ন্দ্রাদিষু ব্রতং নিয়মোযেষাং তে অন্তবতো-দেবান্ যান্তি, অতঃ পুনরাবর্ত্তন্তে। পিতৃসু ব্রতং যেষাং শ্রাদ্ধাদিক্রিয়াপরায়ণাস্তে পিতৄন্ যান্তি। ভূতেষু বিনায়ক-মাতৃগণাদিষু ইজ্যা পূজা যেষাং তে ভূতানি যান্তি। মাং যষ্টুং শীলং যেষাং তে মদ্যাজিনো-মামক্ষয়পরমানন্দরূপং যান্তি ॥ ২৫ ॥ তদেবং স্বভক্তানামক্ষয়ফলত্বমুক্তং অন্য[illegible]ঞ্চ স্বভক্তের্দুর্ল[illegible]মিতি। পত্র-পুষ্পাদিমাত্রমপি মহ্যং ভক্ত্যা যঃ প্রয়চ্ছতি তত[illegible] প্রয়[illegible]নঃ শুদ্ধচিত্তস্য নিষ্কামভক্তস্য ভক্ত্যা তেন উপহৃতং সমর্পিতমহমশ্নামি, প্রীত্যা গৃহ্ণামী[illegible], নহি বিভূতিপতেঃ পরমেশ্বরস্য মম ক্ষুদ্রদেবতানামিব বহুবিত্তসাধ্যযাগাদিভিঃ পরিতোষঃ স্যাৎ কিন্তু ভক্তিমাত্রেণ। অতো-ভক্তেন সমর্পিতং যৎকিঞ্চিৎ পত্রাদিমাত্রমপি তদনুগ্রহার্থমেবাশ্নামীত্যর্থঃ ॥ ২৬ ॥ ন চ ফলপুষ্পাদিকমপি যজ্ঞার্থ-পশুসোমাদিদ্রব্যবন্মদর্থমেবোদ্যমৈরাপাদ্য সমর্পণীয়ং কিন্তর্হি যৎ করোষীতি। স্বভাবতঃ শাস্ত্রতোবা যৎ কিঞ্চিৎ কর্ম্ম করোষি, তথা যদশ্নাসি যজ্জুহোষি যচ্চ তপস্যসি, তপঃ করোষি, তৎসর্ব্বং ময্যর্পিতং যথা ভবতি এবং কুরুষ্ব ॥ ২৭ ॥ এবঞ্চ যৎফলং প্রাপ্স্যসি তচ্ছৃণু ইত্যাহ শুভাশুভেতি। এবং কুর্ব্বন কর্ম্মবন্ধনৈঃ কর্ম্মনিমিত্তৈরিষ্টানিষ্টফলৈ-

কেবল আমাকে চিন্তা করিয়া উপাসনা করেন, নিরন্তর পরমেশ্বরনিষ্ঠ ঐ সকল ব্যক্তিদিগের প্রার্থনা না থাকিলেও ধনাদি লাভ ও তৎপ্রতিপালন এবং মোক্ষ, এ সকল আমিই প্রাপ্ত করাই ॥ ২২ ॥ (যদি বল কোন দেবতাই বস্তুতঃ পরমেশ্বরাতিরিক্ত নহেন. তবে যাহারা অন্য দেবতার উপাসনা করে তাহাদিগের মোক্ষ হয় না কেন? ইহার উত্তর এই যে,) যাহারা শ্রদ্ধাযুক্ত হইয়া ভক্তিপূর্ব্বক অন্য দেবতার অর্চনা করে, তাহারাও ফলতঃ আমাকেই পূজা করিয়া থাকে, (ইহা যথার্থ বটে) কিন্তু মোক্ষপ্রাপক-বিধিপূর্ব্বক নহে, (অতএব তাহাদিগের যাতায়াত নিবৃত্তি হয় না ॥ ২৩ ॥ (অন্য২ দেবতারূপে) সকল যজ্ঞের ভোক্তা এবং ফলদাতা আমিই হই, কিন্তু ঐ সকল ব্যক্তিরা আমাকে এ রূপে জানে না, এ কারণ তাহারা পুনরায় জন্মগ্রহণ করে ॥ ২৪ ॥ যাহারা দেবতার উদ্দেশে উপবাসাদি নিয়মে থাকে, তাহারা মৃত্যুর পরে দেবলোকে যায়। আর পিতৃলোকের নিমিত্ত শ্রাদ্ধাদিকারকেরা পিতৃলোকে গমন করে এবং বিনায়কাদির উপাসকেরা বিনায়কাদিকে প্রাপ্ত হয় (অতএব ঐ সকলের পুনরায় জন্ম আছে) কিন্তু পরব্রহ্মোপাসকেরা নিত্যানন্দরূপ অক্ষয় পরব্রহ্মকে পান (একারণ তাঁহাদিগকে আর জন্মিতে হয় না) ॥ ২৫ ॥ (পরমেশ্বরের অর্চনাতে আয়াস নাই, ইহা দর্শাইতেছেন) কোন ব্যক্তি ভক্তিপূর্ব্বক পরমেশ্বরের উদ্দেশে পত্র পুষ্প ফল জল অর্পণ করিলে পরমেশ্বর ঐ শুদ্ধচিত্ত নিষ্কাম ভক্তের প্রদত্ত পত্রাদিমাত্রও অনুগ্রহ পূর্ব্বক গ্রহণ করেন ॥ ২৬ ॥ (ইহাতে উদযুক্ত হইয়া কেবল পত্রপুষ্পাদিই আমাকে অর্পণ করিবে এমত নহে) কিন্তু স্বভাবতঃ বা শাস্ত্রপ্রমাণে যে কিছু কর এবং যে কিছু আহার, হোম, তপস্যা করিয়া থাক, তাহা যে প্রকারে পরমেশ্বরেতে অর্পিত হয়; হে কুন্তীনন্দন! সেই রূপে অনুষ্ঠান কর ॥ ২৭ ॥ তাবৎ কর্ম্ম আমাতে সমর্পণ করিলে কর্ম্মজন্য পুণ্য- পাপ-বন্ধন হইতে তুমি মুক্ত হইতে পারিবা, তাহাতে কর্ম্মফল পরিত্যাগরূপ সন্ন্যাসযুক্ত-চিত্ত হইয়া আমাকে প্রাপ্ত হইবা ॥ ২৮ ॥ (যদি কেহ কহেন, পরমেশ্বর স্বভক্তগণকেই মোক্ষফল প্রদান করেন, অভক্তগণকে তাহা দেন না, তবে পরমেশ্বরেতেও রাগদ্বেষবৈষম্য আছে, ইহার উত্তর করিতেছেন) সকল প্রাণিতেই আমি এক রূপ, আমার প্রিয় অপ্রিয় নাই, তবে যাহারা ভক্তিপূর্ব্বক আমাকে ভজনা করে

স্বামিকৃত টীকা।

মোক্ষ্যসি, কর্ম্মণাং ময়ি সমর্পিতত্বেন তব তৎফলসম্বন্ধানুপপত্তেঃ। তৈশ্চ বিমুক্তঃ সন্ সন্ন্যাসযোগযুক্তাত্মা সন্ন্যাসঃ কর্ম্মণাং মদর্পণং সএব যোগস্তেন যুক্ত-আত্মা চিত্তং যস্য তথাভূত স্ত্বং মাং প্রাপ্স্যসীত্যর্থঃ ॥ ২৮ ॥ যদি তু ভক্তেভ্যএব মোক্ষং দদাসি নাভক্তেভ্যস্তর্হি তবাপি কিং রাগদ্বেষাদিকৃতং বৈষম্যমস্তি? নেত্যাহ সমোহহমিতি। সর্ব্বেষু ভূতেষহং সমঃ

দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ। যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহং।
॥ ২৯ ॥ অপি চেৎ সুদুরাচারো-ভজতে মামনন্যভাক্। সাধুরেব স
মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো-হি সঃ ॥ ৩০ ॥ ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্ব-
চ্ছান্তিং নিয়চ্ছতি। কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি। ৩১ ॥
মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ। স্ত্রিয়ো-বৈশ্যাস্তথা
শূদ্রা-স্তেঽপি যান্তি পরাং গতিং ॥ ৩২ ॥ কিং পুনর্ব্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা
রাজর্ষয়স্তথা। অনিত্যমসুখং লোকমিমং প্রাপ্য ভজস্ব মাং ॥ ৩৩ ॥
মন্মনা ভব মদ্ভক্তো-মদ্যাজী মাং নমস্কুরু। মামেবৈষ্যসি যুক্ত্বৈবমাত্মানং
মৎপরায়ণঃ ॥ ৩৪ ॥ ইতিশ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগ-
শাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে রাজগুহ্যযোগোনাম নবমোঽধ্যায়ঃ।

স্বামিকৃত টীকা।

অতোমম প্রিয়শ্চ দ্বেষ্যশ্চ নাস্ত্যেব। এবং সত্যপি যে মাং ভজন্তি তে ভক্ত্যা ময়ি বর্ত্তন্তে, অহ-মপি তেষ্বনুগ্রাহকতয়া বর্ত্তে। অয়ং ভাবঃ। যথাগ্নেঃ স্বসেবকেষ্বেব তমঃশীতাদিদুঃখমপাকুর্ব্বতোঽপি ন বৈষম্যং, যথা বা, কল্পবৃক্ষস্য, তথৈব ভক্তপক্ষপাতিনোঽপি মম বৈষম্যং নাস্ত্যেব কিন্তু মদ্ভক্তেরেবায়ং মহিমেতি ॥ ২৯ ॥ অপিচ মদ্ভক্তেরেবায়মবিতর্ক্যঃ প্রভাব ইতি দর্শয়-ন্নাহ অপি চেদিতি। অত্যন্তং দুরাচারোঽপি যদ্যপৃথক্ত্বেন পৃথগ্দেবতা অপি বাসুদেব-বুদ্ধ্যা দেবতান্তরভক্তিমকুর্ব্বন্ মামেব পরমেশ্বরং ভজতে তর্হি সাধুঃ শ্রেষ্ঠএব স মন্তব্যঃ। যতো-ঽসৌ সম্যগ্ব্যবসিতঃ শোভনমধ্যবসায়ং কৃতবান্ ॥ ৩০ ॥ ননু কথং সমীচীনাধ্যবসায়-মাত্রেণ সাধুর্মন্তব্যস্তত্রাহ ক্ষিপ্রমিতি। সুদুরাচারোঽপি মাং ভজন্ শীঘ্রং ধর্ম্মচিত্তোভবতি, ততশ্চ শশ্বচ্ছান্তিং চিত্তোপশমোপরম-রূপাং পরমেশ্বরনিষ্ঠাং নিতরাং গচ্ছতি প্রাপ্নোতি। কুতর্ককর্কশবাদিনো-নৈতন্মন্যেরন্নিতি শঙ্কাকুলমর্জ্জুনং প্রোৎসাহয়তি,—হে কৌন্তেয়! পট-হাদি মহাঘোষপূর্ব্বকং বিবদমানাং সভাং গত্বা বাহুমুৎক্ষিপ্য নিঃশঙ্কং প্রতিজানীহি প্রতি-জ্ঞানং কুরু। কথং, মে পরমেশ্বরস্য ভক্তঃ সুদুরাচারোঽপি ন প্রণশ্যতি অপি তু কৃতার্থএব ভবতীতি। ততশ্চ তে ত্বৎপ্রৌঢ়িবিজৃম্ভাবিধ্বংসিতকুতর্কাঃ সন্তো-নিঃসংশয়ং ত্বামেব গুরু-ত্বেনাশ্রয়েরন্ ॥ ৩১ ॥ স্বাচারভ্রষ্টং মদ্ভক্তিঃ পবিত্রীকরোতীতি কিমত্র চিত্রং? যতো-মদ্ভক্তি-র্দুষ্কুলানপ্যনধিকারিণোঽপি সংসারান্মোচয়তীত্যাহ মাং হীতি। যেঽপি পাপযোনয়ঃ স্যুঃ নিকৃষ্টজন্মানোঽন্ত্যজাদয়ো-ভবেয়ুঃ, যেঽপি বৈশ্যাঃ কেবলং কৃষ্যাদিনিরতাঃ, অতঃ স্ত্রিয়ঃ শূদ্রা-শ্চাপ্যধ্যয়নাদিরহিতাস্তেঽপি মাং ব্যপাশ্রিত্য সংসেব্য পরাং গতিং যান্তি, হি নিশ্চিতং ॥ ৩২ ॥ যদৈবং তদা সৎকুলাঃ সদাচারাশ্চ মদ্ভক্তাঃ পরাং গতিং যান্তীতি কিং বক্তব্যমিত্যাহ কিং পুনরিতি। পুণ্যাঃ সুকৃতিনোব্রাহ্মণাঃ। তথা রাজানশ্চ তে ঋষয়শ্চেতি এবংভূতাঃ পরাং গতিং যান্তীতি কিং বক্তব্যং। অতস্ত্বং রাজর্ষিরূপং দেহং প্রাপ্য লব্ধ্বা মাং ভজস্ব। কিঞ্চ অনিত্যমধ্রুবং অসুখং সুখরহিতঞ্চেমং মর্ত্যলোকং প্রাপ্য অনিত্যত্বাদিলম্বমকুর্ব্বন্ অসুখত্বাচ্চ

তাহারা সেই ভক্তিদ্বারাই আমাতে অবস্থিত হয়, আমিও সেই সকল ভক্তগণেতে বর্ত্তমান হই। (আমার ভক্তির এই মহিমা)॥ ২৯ ॥ (এইক্ষণে পরমেশ্বরভক্তির প্রভাব দর্শাইতেছেন) অতি দুরাচার ব্যক্তিও যদি অন্য দেবতার উপাসনা না করিয়া কেবল আমাকে ভজনা করে, তবে তাহাকেও সাধু বলিয়া মানি, যেহেতুক সেই ব্যক্তি প্রকৃতউপাসক হয়॥ ৩০ ॥ (দুরাচার ব্যক্তি কি রূপে সাধু হইবে? এই সন্দেহ নিবারণ করিতেছেন) আমাকে ভজনা করিলে দুরাচার ব্যক্তিও শীঘ্র ধর্ম্মজ্ঞান পায়, তৎপরে চিত্তশুদ্ধিদ্বারা পরমেশ্বরনিষ্ঠা প্রাপ্ত হয়। হে কুন্তীনন্দন! তুমি কুতর্ককারিদিগের সাক্ষাতে প্রতিজ্ঞা করিয়া বলিবা—আমার ভক্ত কদাচ বিনাশ পায় না (অর্থাৎ কৃতার্থ হয়)॥ ৩১ ॥ (পরমেশ্বরভক্তি দুষ্কুল এবং অজ্ঞান সকলকেও উদ্ধার করে, ইহা কহিতেছেন) হীন কুলে জন্মে এমত যে অন্ত্যজাদি, আর শাস্ত্রাভ্যাসবিরহে জ্ঞানহীন যে স্ত্রীলোক ও বৈশ্য, শূদ্র, তাহারাও আমার উপাসনায় সদ্গতি প্রাপ্ত হয়॥ ৩২॥ পুণ্য ভাজন ব্রাহ্মণগণ ও ভক্ত রাজর্ষিরা যে পরম মুক্তি প্রাপ্ত হইবেন ইহাও কি বলিতে হয়? অতএব এই যে সুখময় অনিত্য মর্ত্যলোকে তুমি রাজর্ষিকুল লাভ প্রাপ্ত হইয়াছ, ইহাতে অবিলম্বে আমাকে ভজনা কর॥ ৩৩ ॥ (সেই ভজনা এই রূপ) আমাতেই অন্তঃকরণ সমর্পণ কর, কেবল আমার প্রতি ভক্তি, এবং আমীয় পূজনশীল হও, আর আমাকেই নমস্কার কর, এই সকল প্রকারে মৎপরায়ণ (অর্থাৎ পরমেশ্বরপরায়ণ) হইলে আমাতে অন্তঃকরণযুক্ত হইয়া পরমানন্দস্বরূপ আমাকেই প্রাপ্ত হইবা॥ ৩৪॥

[ব্যাসের কৃত শতসহস্র অর্থাৎ লক্ষ শ্লোকসংহিতা মহাভারতের অন্তর্গত ভীষ্মপর্ব্বের মধ্যস্থিত যে ব্রহ্মবিদ্যাপ্রকাশক উপনিষদস্বরূপ ভগবদ্গীতা নামক যোগশাস্ত্র তাহার রাজগুহ্যযোগনামক নবমাধ্যায়ের এই শেষ হইল।]

স্বামিকৃত টীকা

সুখার্থোদ্যমং হিত্বা মামেব ভজস্বেত্যর্থঃ॥ ৩৩ ॥ ভজনপ্রকারং দর্শয়ন্নুপসংহরতি মন্মনা ইতি। ময্যেব মনোঽস্য স মন্মনাস্ত্বং ভব। তথা মদ্ভক্তঃ সেবকোঽস্তব। মদ্যাজি—মৎপূজনশীলোঽস্তব। মামেব চ নমস্কুরু। এবমেভিঃ প্রকারৈর্ম্মৎপরায়ণঃ সন্নাত্মানং মনো—ময়ি যুঞ্জন্ সমাধায় মামেব পরমানন্দরূপমেষ্যসি প্রাপ্স্যসি॥ ৩৪॥ নিজমৈশ্বর্য্যমাশ্চর্য্যং ভক্তেশ্চানন্যভক্তবৈভবং। নবমে রাজগুহ্যাখ্যে কৃপয়াঽবোচদচ্যুতঃ॥

ইতিশ্রীভগবদ্গীতাসুবোধন্যাং নবমোঽধ্যায়ঃ।

শ্রীভগবানুবাচ।

ভূয়এব মহাবাহো শৃণু মে পরমং বচঃ। যত্তেঽহং প্রীয়মাণায় বক্ষ্যামি হিতকাম্যয়া। ১ ॥ ন মে বিদুঃ সুরগণাঃ প্রভবং ন মহর্ষয়ঃ। অহমাদির্হি দেবানাং মহর্ষীণাঞ্চ সর্ব্বশঃ ॥ ২ ॥ যোমামজমনাদিঞ্চ বেত্তি লোকমহেশ্বরং। অসংমূঢ়ঃ স মর্ত্ত্যেষু সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৩ ॥ বুদ্ধির্জ্ঞানমসম্মোহঃ ক্ষমা সত্যং দমঃ শমঃ। সুখং দুঃখং ভবোঽভাবো ভয়ঞ্চাভয়মেব চ ॥ ৪ ॥ অহিংসা সমতা তুষ্টিস্তপোদানং যশোঽযশঃ। ভবন্তি ভাবা ভূতানাং মত্তএব পৃথগ্বিধাঃ ॥ ৫ ॥ মহর্ষয়ঃ সপ্ত পূর্ব্বে চত্বারো-মনবস্তথা। মদ্ভাবা মানসা জাতা যেষাং লোক-ইমাঃ প্রজাঃ ॥ ৬ ॥ এতাং বিভূতিং যোগঞ্চ মম যো-বেত্তি তত্ত্বতঃ। সোঽবিকম্পেন যোগেন যুজ্যতে নাত্র সংশয়ঃ ॥ ৭ ॥ অহং সর্ব্বস্য প্রভবো-

স্বামিকৃত টীকা

উক্তাঃ সংক্ষেপতঃ পূর্ব্বং, সপ্তমাদৌ বিভূতয়ঃ। দশমে তু বিতন্যন্তে, সর্ব্বত্রেশ্বরদৃষ্টয়ে ॥ এবং তাবৎ সপ্তমাদিভিস্ত্রিভিরধ্যায়ৈর্ভজনীয়ং পরমেশ্বরতত্ত্বং নিরূপিতং, তদ্বিভূতয়শ্চ সপ্তমে রসোঽহমপ্সু কৌন্তেয়েত্যাদিনা সংক্ষেপতোদর্শিতাঃ, অষ্টমে চ কিং তদ্ব্রহ্ম কিমধ্যাত্মমিত্যাদিনার্জ্জুনেন যে সপ্তপদার্থা উপন্যস্তা—স্তাঃ পরমেশ্বরস্য বিভূতয়এব সাধিভূতাধিদৈবং মামিত্যুক্তত্বাৎ নবমে চাহং ক্রতুরহং যজ্ঞ ইত্যাদিনা তদ্বিভূতয়োদর্শিতাঃ, ইদানীং তত্রৈব বিভূতীঃ প্রপঞ্চয়িষ্যন্ স্বভক্তেশ্চাবশ্য-করণীয়ত্বং বর্ণয়িষ্যন্ শ্রীভগবানুবাচ ভূয়-এবেতি। মহান্তৌ যুদ্ধাদি-স্বধর্ম্মানুষ্ঠানে মহৎ পরিচর্য্যায়াঞ্চ কুশলৌ—বাহূ যস্য তথা। হে মহাবাহো! ভূয়এব পুনরপি মে বচঃ শৃণু। কথম্ভূতং পরমং পরমাত্মনিষ্ঠং। মদ্বচনামৃতেনৈব প্রীতিং প্রাপ্নুবতে তুভ্যং হিতকাম্যয়া যদহং বক্ষ্যামি তৎ ॥ ১ ॥ উক্তস্যাপি পুনর্ব্বচনে দুর্জ্ঞেয়ত্বং হেতুমাহ ন মে বিদুরিতি। মম প্রকৃষ্টং ভাবং জন্মরহিতস্যাপি নানাবিভূতিভিরাবির্ভাবং সুরগণা—অপি মহর্ষয়োঽপি ভৃগ্বাদয়ো—ন জানন্তি। তত্র হেতুঃ। অহং হি দেবানাং মহর্ষীণাঞ্চাদিঃ কারণং সর্ব্বশঃ সর্ব্বৈঃ প্রকারৈরুৎপাদকত্বেন বুদ্ধ্যাদিপ্রাবর্ত্তকত্বেন চ অতো মদনুগ্রহং বিনা মাং কেঽপি ন জানন্তীত্যর্থঃ ॥ ২ ॥ এবম্ভূতাত্মজ্ঞানে ফলমাহ যোমামিতি। সর্ব্বকারণত্বাদেব ন বিদ্যতে আদিঃ কারণং যস্য তমনাদিং। অতএবাজং জন্মশূন্যং লোকানাং মহেশ্বরঞ্চ মাং যো বেত্তি স মনুষ্যেষু সম্মোহরহিতঃ সন্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৩ ॥ লোকমহেশ্বরতাং স্ফুটয়তি বুদ্ধিরিতি ত্রিভিঃ। সারাসারবিবেকনৈপুণ্যং জ্ঞানমাত্মবিষয়ং। অসম্মোহো—ব্যাকুলত্বাভাবঃ। ক্ষমা সহিষ্ণুত্বং। সত্যং যথার্থভাষণং। দমো বাহ্যেন্দ্রিয়সংযমঃ। শমো অন্তঃকরণসংযমঃ। সুখমনুকূলসংবেদনীয়ং। দুঃখং তদ্বিপরীতং। ভব উদ্ভবঃ। অভাবস্তদ্বিপরীতঃ। ভয়ং ত্রাসঃ। অভয়ং তদ্বিপরীতং। মত্তএব ভবন্তীত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৪ ॥ কিঞ্চ অহিংসেতি। অহিংসা পরপীড়ানিবৃত্তিঃ। সমতা রাগদ্বেষাদিরাহিত্যং। তুষ্টির্দৈবলব্ধেন সন্তোষঃ। তপঃ শারীরাদিবক্ষ্যমাণং। দানং ন্যায়ার্জ্জিতস্য ধনাদেঃ পাত্রেঽর্পণং। যশঃ সৎকীর্ত্তিঃ। অযশো-দুষ্কীর্ত্তিঃ এতে বুদ্ধিজ্ঞানাদয়স্তদ্বিপরীতাশ্চাবুদ্ধ্যাদয়ো-নানাবিধা ভাবাঃ

ব্যাসের কৃত শতসহস্র (অর্থাৎ লক্ষশ্লোক সংহিতা মহাভারতের) অন্তর্গত ভীষ্ম পর্ব্বের মধ্যস্থিত যে ব্রহ্মবিদ্যাপ্রকাশক উপনিষৎস্বরূপ ভগবদ্গীতানামক যোগশাস্ত্র তাহার নবমাধ্যায়ের এই শেষ হইল।

(পূর্ব্বে সপ্তম এবং অষ্টম ও নবমাধ্যায়ে পরমেশ্বরতত্ত্ব ও বিভূতি সকল সংক্ষেপে কহিয়াছেন, এইক্ষণে পরমেশ্বরে ভক্তির অবশ্য করণীয়তা বর্ণনার্থ শ্রীভগবান বিস্তারক্রমে সেই সকল বিভূতি কহিতেছেন) হে যুদ্ধাদিকার্য্যকুশল বাহুদ্বয়বিশিষ্ট অর্জ্জুন! আমার বাক্যে তুমি প্রীতি জ্ঞান কর অতএব তোমার হিতার্থ পরমাত্মবোধক বাক্য কহিতেছি শ্রবণ কর ॥ ১ ॥ দেবতারা এবং মহর্ষিরা আমার আবির্ভাব জানেন না, যেহেতু আমি দেবতাদিগের সর্ব্ব প্রকারে (অর্থাৎ উৎপাদকরূপে এবং বুদ্ধ্যাদিপ্রাবর্ত্তক রূপে) আদি কারণ হই। (যদি বল তোমাকে জানিবার ফল কি? ইহার উত্তর এই) সকলের আদি সুতরাং জন্মরহিত এবং সকলের পরম নিয়ন্তা, যে ব্যক্তি আমাকে এই রূপ জানে, মনুষ্যদিগের মধ্যে সেই ব্যক্তি মোহরহিত হইয়া সকল পাপ হইতে মুক্ত হয় ॥ ২ ॥ ৩ ॥ (ভগবান যে লোকমহেশ্বর, তিন শ্লোকদ্বারা ইহা স্পষ্ট করিয়া জানাইতেছেন) সারাসার বিবেচনায় নিপুণতা, আত্মজ্ঞান, অব্যাকুলতা, সহিষ্ণুতা এবং সত্য কথন, বাহ্যেন্দ্রিয় এবং অন্তঃকরণ সংযম; সুখ, দুঃখ, জন্ম, মরণ, ভয়, অভয় ॥ ৪ ॥ পরপীড়নশূন্য রাগদ্বেষাদি-নিবৃত্তি; অদৃষ্টাধীন প্রাপ্ত যে বস্তু তাহাতেই সন্তোষ, তপস্যা, (উহার প্রকার পরে কহিবেন) উপযুক্ত পাত্রে ধন দান, সৎকীর্ত্তি, অসৎকীর্ত্তি ইত্যাদি, প্রাণিদিগের নানা পদার্থ আমা হইতেই হয় ॥ ৫ ॥ ভৃগু প্রভৃতি সপ্ত এবং তাঁহাদিগের পূর্ব্বে স্থিত সনকাদি চতুষ্টয়, এই একাদশ মহর্ষি ও মনু সকল এবং তাঁহাদিগের শিষ্য প্রশিষ্যাদি, আর আমার প্রভাববিশিষ্ট হিরণ্যগর্ভাদি আমার ইচ্ছাতেই জন্মিয়াছেন, এই সকল প্রজাগণ তাঁহাদিগের পুত্র-পৌত্রাদি ॥ ৬ ॥ (এইক্ষণে বিভূতিজ্ঞানের

স্বামিকৃত টীকা।

প্রাণিনাং মত্তঃ এব ভবন্তি ॥ ৫ ॥ কিঞ্চ মহর্ষয় ইতি। সপ্ত মহর্ষয়ো-ভৃগ্বাদয়ঃ, " সপ্ত ব্রহ্মণ ইত্যেতে পুরাণে নিশ্চয়ং গতা ". ইত্যাদি পুরাণপ্রসিদ্ধাস্তেভ্যোঽপি পূর্ব্বেঽন্যে চত্বারো মহর্ষয়ঃ সনকাদয়স্তথা মনবঃ স্বায়ম্ভুবাদয়ো-মদ্ভাবা মদ্ভক্তিযুক্তাঃ, প্রভাবযুক্তা তে হিরণ্যগর্ভাত্মনো-মত্তএব মনসঃ সংকল্পমাত্রাজ্জাতাঃ। কাৎস্নবাবেবাহ—যেষাং স্বায়ম্ভুবাদীনাং মনবাদীনাঞ্চ ইমা ব্রাহ্মণাদ্যা লোকে বর্ত্তমানা যথাযথং পুত্রপৌত্রাদিরূপাঃ শিষ্যপ্রশিষ্যাদিরূপাশ্চ প্রজাঃ প্রজায়ন্তে ॥ ৬ ॥ যথোক্তবিভূত্যাদিজ্ঞানফলমাহ এতামিতি। এতাং বিভূতি-

মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে। ইতি মত্বা ভজন্তে মাং বুধা ভাবসমন্বিতাঃ॥ ৮॥ মচ্চিত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরং। কথয়ন্তশ্চ মাং নিত্যং তুষ্যন্তি চ রমন্তি চ॥ ৯॥ তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকং। দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে॥ ১০॥ তেষামেবানুকম্পার্থমহমজ্ঞানজং তমঃ। নাশয়াম্যাত্মভাবস্থো জ্ঞানদীপেন ভাস্বতা॥ ১১॥ অর্জ্জুন উবাচ। পরং ব্রহ্ম পরং ধাম পবিত্রং পরমং ভবান্। পুরুষং শাশ্বতং দিব্যমাদিদেবমজং বিভুং॥ ১২॥ আহুস্ত্বামৃষয়ঃ সর্ব্বে দেবর্ষির্নারদস্তথা। অসিতো-দেবলো-ব্যাসঃ স্বয়ঞ্চৈব ব্রবীষি মে॥ ১৩॥ সর্ব্বমেতদৃতং মন্যে যন্মাং বদসি কেশব। ন হি তে ভগবন্ ব্যক্তিং বিদুর্দ্দেবা ন দানবাঃ॥ ১৪॥ স্বয়মেবাত্মনাত্মানং বেত্থ

স্বামিকৃত টীকা।

এতাং মম বিভূতিং যোগঞ্চৈশ্বর্য্যলক্ষণং তত্ত্বতো বেত্তি সোঽবিকম্পেনাপ্রচলেন যোগেন সম্যগ্দর্শনেন যুক্তো ভবতি, নাত্র সংশয়ঃ॥ ৭॥ যথা চ বিভূতিযোগয়োর্জ্ঞানে সম্যগ্জ্ঞানাবাপ্তিস্তদ্দর্শয়তি অহমিত্যাদি-চতুর্ভিঃ। অহং সর্ব্বস্য জগতঃ প্রভবঃ, বুদ্ধ্যাদি-সর্ব্বাদিরূপ-বিভূতিমদ্রূপেণোৎপত্তিহেতুঃ। অতএব চ সর্ব্বস্য বুদ্ধির্জ্ঞানমসম্মোহ-ইত্যাদি সর্ব্বং প্রবর্ত্ততে ইত্যেবং মত্বা অববুধ্য, বুধা বিবেকিনো ভাবসমন্বিতাঃ প্রীতিযুক্তা মাং ভজন্তে॥ ৮॥ প্রীতিপূর্ব্বকং ভজনমাহ মচ্চিত্তা-ইতি। ময্যেব চিত্তং যেষাং তে মচ্চিত্তাঃ মামেব গতাঃ প্রাপ্তাঃ। প্রাণা ইন্দ্রিয়াণি ময্যেব যেষাং তে মদ্গতপ্রাণাঃ, মদর্পিতজীবনা-ইতি বা। এবম্ভূতাস্তে বুধা অন্যোন্যং মাং ন্যায়োপেতৈঃ শ্রুত্যাদিপ্রমাণৈর্বোধয়ন্তো-বুধ্যা চ মাং স্বচ্ছন্দং কীর্ত্তয়ন্তস্তুষ্যন্তি, অনুমোদনেন তুষ্টিং যান্তি, রমন্তি চ নিবৃতিং যান্তি॥ ৯॥ এবম্ভূতানাঞ্চ সম্যগ্জ্ঞানমহং দদামীত্যাহ তেষামিতি। এবং সততযুক্তানাং ময্যাসক্তানাং প্রীতিপূর্ব্বকং ভজতাং তং বুদ্ধিরূপং যোগমুপায়ং দদামি। তমিতি কং? যেনোপায়েন মদ্ভক্তা মাং প্রাপ্নুবন্তি॥ ১০॥ বুদ্ধিযোগং দত্ত্বা চ তস্যানুভবপর্য্যন্তং তমোবিকৃত্যাবিদ্যাকৃতং সংসারং নাশয়ামীত্যাহ তেষামিতি। তেষামনুকম্পার্থমনুগ্রহার্থমেবাজ্ঞানাজ্জাতং তমঃ সংসারাখ্যং নাশয়ামি। কুত্র স্থিতঃ সন্ কেন বা সাধনেন তমো নাশয়সীত্যত আহ আত্মভাবস্থো বুদ্ধিবৃত্তৌ স্থিতঃ সন্ ভাস্বতা [illegible]ন দীপেন নাশয়ামি॥ ১১॥ সংক্ষেপেণোক্তাং বিভূতিং বিস্তরেণ জিজ্ঞাসুঃ [illegible] স্তুবন্নর্জ্জুন উবাচ পরং ব্রহ্মেতি সপ্তভিঃ। পরং ব্রহ্ম পরং ধাম চ আশ্রয়ঃ পরমং পবিত্রং ভবানেব। কুত ইত্যত আহ যতঃ শাশ্বতং নিত্যং পুরুষং। তথা দিব্যং দ্যোতনাত্মকং স্বয়ং প্রকাশং, আদিশ্চাসৌ দেবশ্চেতি তং দেবানামাদিভূতমিত্যর্থঃ। তথা অজং অজন্মানং বিভুং ব্যাপকং ত্বমেবাহুঃ॥ ১২॥ কে আহুরিত্যাহ আহুরিতি। ঋষয়ো-ভৃগ্বাদয়ঃ সর্ব্বে। দেবর্ষিশ্চ নারদঃ অসিতশ্চ দেবলশ্চ ব্যাসশ্চ স্বয়ং ত্বমেব সাক্ষাদেব মহ্যং ব্রবীষি॥ ১৩॥ অতো মমেদানীং ত্বদীয়ৈশ্বর্য্যে অসম্ভাবনা নিবৃত্তেত্যাহ সর্ব্বমেতদিতি। এতদ্বচনং পরং ব্রহ্মেত্যাদি সর্ব্বমপি ঋতং

কল কহিতেছেন) এই ভৃগু প্রভৃতি আমার বিভূতি এবং আমার ঐশ্বর্য্য, ইহা যে ব্যক্তি যথার্থত জানে, সে সংশয়শূন্য জ্ঞানযুক্ত হয়, ইহাতে সংশয় নাই ।। ৭ ।। (বিভূতির এবং যোগের জ্ঞান হইলে যে প্রকারে নিঃসংশয় জ্ঞান জন্মে, চারি শ্লোকদ্বারা তাহা কহিতেছেন) আমিই সকল জগতের উৎপত্তির কারণ, আমা হইতেই সকল উৎপন্ন হয়, ইহা জানিয়া বিবেকী সকল প্রীতিপূর্ব্বক আমাকে ভজনা করেন ।। ৮ ।। (সেই ভজনার প্রকার কহিতেছেন) বিবেকী সকল আমাতে মনোনিধান এবং প্রাণ সমর্পণ পূর্ব্বক পরস্পর পরস্পরের বোধ জন্মাইয়া সর্ব্বদা আমার কথা কীর্ত্তন করেন এবং কীর্ত্তনদ্বারা তুষ্ট হইয়া পরম সুখী হয়েন ।। ৯ ।। এই রূপে নিরন্তর আমাতে আসক্ত হইয়া যাঁহারা প্রীতি পূর্ব্বক আমাকে ভজনা করেন, আমি তাঁহাদিগকে সেই জ্ঞান প্রদান করি যাহা দ্বারা তাঁহারা আমার ভক্ত হইয়া আমাকে প্রাপ্ত হয়েন ।। ১০ ।। যাঁহারা এতদ্রূপে ভজনা করেন, তাঁহাদের প্রতি অনুগ্রহার্থ আমি তাঁহাদের বুদ্ধিতে অবস্থান করিয়া অতি দেদীপ্যমান জ্ঞানদীপদ্বারা অজ্ঞানজনিত সংসাররূপ অন্ধকারকে নষ্ট করি ।। ১১ ।। (সংক্ষেপে যে সকল বিভূতি কথিত হইল, বিস্তারক্রমে তাহা জানিবার আকাঙ্ক্ষায় অর্জ্জুন সাত শ্লোকদ্বারা শ্রীভগবানের স্তব করিয়া কহিতেছেন) হে কৃষ্ণ ! তুমিই পরব্রহ্ম, পরমাশ্রয়, পরম পবিত্র, যেহেতু তুমি নিত্য পুরুষ ও স্বয়ং প্রকাশ ও দেবতাদিগের আদি। এবং তুমি উৎপত্তিরহিত ও সর্ব্বব্যাপক ।। ১২ ।। ভৃগুপ্রভৃতি মহর্ষিগণ, নারদ, অসিত, দেবল, বেদব্যাস, ইহাঁরা এই রূপ কহিয়াছেন, আর তুমিও আমার সাক্ষাতে কহিতেছ ।। ১৩ ।। (" তোমার ঐশ্বর্য্যের প্রতি আমার অসম্ভবজ্ঞান নিবৃত্তি হইল" এই আশয়ে অর্জ্জুন কহিতেছেন) হে কেশব ! তুমি পরমেশ্বর এবং তোমার " প্রকাশ কেহ জানেন না " ইত্যাদি বাক্য বলিয়াছ, আমি তৎ সমুদায় মানিলাম। হে ভগবন্ ! দেব-দানব কেহই তোমার আবির্ভাব জানেন না ।। ১৪ ।। (অর্জ্জুন বিবিধ সম্বো-

স্বামিকৃত টীকা।

সত্যং মন্যে । যন্মাং প্রতি ত্বং কথয়সি "ন মে বিদুঃ সুরগণা" ইত্যাদি তদপি সত্যমেব মন্যে ইত্যাহ—হে ভগবংস্তব ব্যক্তিং দেবা ন বিদুঃ ; অস্মদনুগ্রহার্থমিয়মভিব্যক্তিরিতি ন জানন্তি, দানবাশ্চ অস্মন্নিগ্রহার্থমিতি ন বিদুরেবেতি ।। ১৪ ।। কিং তর্হি স্বয়মিতি । স্বয়মেব আত্মনাত্মানং বেৎথ জানাসি, নান্যঃ । তত্রাপ্যাত্মনা স্বেনৈব বেৎথ, ন সাধনান্তরেণ । বহুধা সম্বোধয়তি—হে পুরুষোত্তম !—পুরুষোত্তমত্বে হেতুগর্ভসম্বোধনানি—হে ভূতভাবন ভূতোৎপাদক ! ভূতানামীশ নিয়ন্তঃ দেবানামাদিত্যানাং দেব প্রকাশক ! জগৎপতে বিশ্বপালক ! ।। ১৫ ।। তস্মাত্তবাভিব্যক্তিং [illegible] নেতরঃ [illegible] ন দেবাদয়স্তজ্জ্ঞাপকমিতি ; যাঃ আত্মনস্তব দিব্যা অদ্ভুতা বিভূতয়স্তাঃ সর্বাঃ

স্বয়ং পুরুষোত্তম। ভূতভাবন ভূতেশ দেবদেব জগৎপতে ॥ ১৫ ॥
বক্তুমর্হস্যশেষেণ দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ। যাভির্বিভূতিভির্লোকানিমাং-
স্ত্বং ব্যাপ্য তিষ্ঠসি ॥ ১৬ ॥ কথং বিদ্যামহং যোগিংস্ত্বাং সদা পরি-
চিন্তয়ন্। কেষু কেষু চ ভাবেষু চিন্ত্যোহসি ভগবন্ময়া ॥ ১৭ ॥ বিস্ত
রেণাত্মনো যোগং বিভূতিঞ্চ জনার্দ্দন। ভূয়ঃ কথয় তৃপ্তির্হি শৃণ্বতো-
নাস্তি মেহমৃতং ॥ ১৮ ॥ শ্রীভগবানুবাচ ॥ হন্ত তে কথয়িষ্যামি দিব্যা-
হ্যাত্মবিভূতয়ঃ। প্রাধান্যতঃ কুরুশ্রেষ্ঠ নাস্ত্যন্তো-বিস্তরস্য মে ॥ ১৯ ॥
অহমাত্মা গুড়াকেশ সর্ব্বভূতাশয়স্থিতঃ। অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানা-
মন্তএব চ ॥ ২০ ॥ আদিত্যানামহং বিষ্ণুর্জ্যোতিষাং রবিরংশুমান্।
মরীচির্ম্মরুতামস্মি নক্ষত্রাণামহং শশী ॥ ২১ ॥ বেদানাং সাম-বে-
দোহস্মি দেবানামস্মি বাসবঃ। ইন্দ্রিয়াণাং মনশ্চাস্মি ভূতানামস্মি
চেতনা ॥ ২২ ॥ রুদ্রাণাং শঙ্করশ্চাস্মি বিত্তেশো-যক্ষরক্ষসাং। বসূনাং
পাবকশ্চাস্মি মেরুঃ শিখরিণামহং ॥ ২৩ ॥ পুরোধসাঞ্চ মুখ্যং মাং

স্বামিকৃত টীকা।

বক্তুং ত্বমেবার্হসি যোগ্যোসি। যাভিরিতি বিভূতীনাং বিশেষণং স্পষ্টার্থং। ১৬। কথমপ্রয়োজনং দর্শয়ন্ প্রার্থয়তে কথমিতি দ্বাভ্যাং। হে যোগিন্ কথং ত্বকর্ত্তৃকবিভূতিভেদৈঃ সদা পরিচিন্তয়ন্নহং ত্বাং বিদ্যাং জানীয়াং। বিভূতিক্রমেন চিন্ত্যোহসি ত্বং কেষু কেষু পদার্থেষু ময়া চিন্তনীয়োহসি ॥ ১৭ ॥ তদেবং বহির্ম্মুখেহপি চিত্তে তত্র তত্র বিভূতিভেদেন স্ফুর্ত্তিস্ত্যেব যথা তবেত্তথা বিস্তরেণ কথয়েত্যাহ বিস্তরেণেতি। আত্মনস্তব যোগং সর্ব্বজ্ঞত্ব-সর্ব্বশক্তিমত্ত্বাদিলক্ষণং যোগৈশ্বর্য্যং বিভূতিঞ্চ বিস্তরেণ পুনঃ কথয়। যতস্তব বাক্যমমৃতরূপং শৃণ্বতো মম তৃপ্তিরলং-বুদ্ধির্নাস্তি ॥ ১৮ ॥ এবং প্রার্থিতঃ সন্ শ্রীভগবানুবাচ হন্তেতি। হন্তেত্যনুকম্পা-সম্বোধনে। দিব্যা যা মদ্বিভূতয়স্তাঃ প্রাধান্যেন তুভ্যং কথয়ামি, যতোহবান্তরস্য বিভূতিবিস্তরস্য মদীয়স্যান্তো-নাস্তি অতঃ প্রধানভূতাঃ কতিচিদ্বর্ণয়িষ্যামি ॥ ১৯ ॥ তত্র প্রথমমৈশ্বরং রূপং কথয়তি। অহমিতি। হে গুড়াকেশ! সর্ব্বেষাং ভূতানামাশয়েষন্তঃকরণেষু সর্ব্বজ্ঞত্বাদিগুণৈর্নিয়ন্তৃত্বেনাবস্থিতঃ পরমাত্মাহং; আদি জন্ম, মধ্যং স্থিতিঃ, অন্তঃ সংহারঃ, সর্ব্বভূতানাং জন্মাদিহেতুশ্চাহমেবেত্যর্থঃ ॥ ২০ ॥ ইদানীং বিভূতীঃ কথয়তি আদিত্যানামিতি যাবৎসমাপ্তি। আদিত্যানাং দ্বাদশানাং মধ্যে বিষ্ণুনামাহং। জ্যোতিষাং প্রকাশকানাং মধ্যে অংশুমান্ বিশ্বব্যাপি-রশ্মিযুক্তো রবিঃ সূর্য্যোহহং। মরুতাং বায়ূনাং মধ্যে মরীচি-নামাহমস্মি। নক্ষত্রাণাং মধ্যে চন্দ্রোহহং। প্রায়শো নির্দ্ধারণে ষষ্ঠী; কচিচ্চ ভূতানামস্মি চেতনেত্যাদিষু সম্বন্ধে ষষ্ঠী, তচ্চ তত্রৈব দর্শয়িষ্যামঃ। বিষ্ণ্বাদীনাদিত্যাদিবর্গাদ্বহিরপি প্রভাবাতিশয়মাত্রবিবক্ষয়া বিভূতিত্বেন নির্দ্দিশ্যতে ॥ ২১ ॥ বেদা-

ধনে কহিতেছেন) হে পুরুষোত্তম! (অর্থাৎ সকল পুরুষের প্রধান,) হে ভূতভাবন! (অর্থাৎ প্রাণী সকলের উৎপাদক) হে ভূতেশ! (অর্থাৎ প্রাণিদিগের নিয়ন্তা) হে দেবদেব! (অর্থাৎ সূর্য্যাদির প্রকাশক) হে জগৎপতে! (অর্থাৎ জগৎপালক) তুমি আপনাকে আপনিই জান, অন্য কেহ তোমাকে জানেন না॥ ১৫ ॥ অত-এব তোমার যে সকল বিভূতি, তাহা বিশেষ করিয়া কহিতে তুমিই সমর্থ, যাহা দ্বারা এই জগৎকে ব্যাপিয়া বিরাজমান আছ॥ ১৬ ॥ (বিভূতি কথনের প্রয়ো-জন এই) হে যোগিন্! কিং বিভূতিভেদে আমি সর্ব্বদা পরিচিন্তা করিয়া তোমাকে জানিতে পারিব? আর হে ভগবন্! কিং পদার্থে তুমি আমার চিন্তনীয়? ॥ ১৭ ॥ (অন্তঃকরণ স্বভাবতঃ বাহ্য পদার্থগামী হয়, অতএব বাহ্যবস্তুতে ঈশ্বরচিন্ত-নার্থ অর্জ্জুন কহিতেছেন) হে জনার্দ্দন! বিভূতিবিশেষদ্বারা যেরূপে তোমাকে চিন্তা হয় তাহা এবং সর্ব্বজ্ঞত্ব, সর্ব্ব শক্তিমত্ত্ব প্রভৃতি যোগৈশ্বর্য্য ও বিভূতি সকল বিস্তারক্রমে পুনর্ব্বার কহ; অমৃতস্বরূপ যে তোমার বাক্য তাহা শ্রবণে আমার তৃপ্তির পরিশেষ হইতেছে না॥ ১৮ ॥ (অর্জ্জুনের এইরূপ প্রার্থনায় শ্রীভগবান্ কহিতেছেন) হে কুরুশ্রেষ্ঠ! আমার অবান্তর বিভূতির অন্ত নাই, অতএব অতি আশ্চর্য্য বিভূতি সকলের মধ্যে প্রধান বিভূতির কতিপয় তোমাকে কহি-তেছি॥ ১৯ ॥ হে জিতনিদ্র! সকল প্রাণির অন্তঃকরণে স্থিত আমিই পর-মাত্মা, আর প্রাণিদিগের উৎপত্তি স্থিতি এবং নাশের কারণ আমিই হই॥ ২০ ॥ (এইক্ষণে বিভূতি কহিতেছেন) দ্বাদশ আদিত্যের মধ্যে বিষ্ণু নামক আদিত্য আমি এবং প্রকাশক সকলের মধ্যে বিশ্বব্যাপক কিরণবিশিষ্ট সূর্য্য আমি; বায়ু সকলের মধ্যে মরীচি নামক বায়ু আমি, নক্ষত্রদিগের মধ্যে চন্দ্র আমি, (অর্থাৎ যে সকল পদার্থ অতি প্রভাবান্বিত সে সকলই আমার বিভূতি)॥ ২১ ॥ বেদ সকলের মধ্যে সামবেদ আমি, দেবতাদিগের মধ্যে ইন্দ্র আমি, ইন্দ্রিয়বর্গের মধ্যে মন আর প্রাণিদিগের জ্ঞানশক্তি আমি॥ ২২ ॥ একাদশ রুদ্রমধ্যে শঙ্কর আমি, যক্ষ রাক্ষসদিগের মধ্যে কুবের আমি, বসুদিগের মধ্যে অগ্নি আমি; আর যে সকল বস্তু উচ্চ, তাহাদিগের মধ্যে সুমেরু আমি॥ ২৩ ॥ হে অর্জ্জুন! পুরো-

স্বামিকৃত টীকা।

নামিতি। বাসব-ইন্দ্রঃ। ভূতানাং সম্বন্ধিনী চেতনা জ্ঞানশক্তিরহমস্মি॥ ২২ ॥ রুদ্রাণামিতি। যক্ষরক্ষসামপি ক্রূরত্বাদিসাম্যাদুভয়েষাং সহৈকীকৃত্য নির্দ্দেশঃ। তেষাং মধ্যে বিত্তেশঃ কুবেরো-ঽস্মি। পাবকোঽগ্নিঃ। শিখরিণাং শিখরবতামুচ্ছ্রিতানাং মধ্যে মেরুঃ॥ ২৩ ॥ পুরোধ-সামিতি। পুরোধসাং মধ্যে দেবপুরোহিতত্বান্মুখ্যং বৃহস্পতিং মাং বিদ্ধি। সেনানীনাং

বিদ্ধি পার্থ বৃহস্পতিং। সেনানীনামহং স্কন্দঃ সরসামস্মি সাগরঃ ॥ ২৪ ॥ মহর্ষীণাং ভৃগুরহং গিরামস্ম্যেকমক্ষরং। যজ্ঞানাং জপযজ্ঞো-ঽস্মি স্থাবরাণাং হিমালয়ঃ ॥ ২৫ ॥ অশ্বত্থঃ সর্ব্ববৃক্ষাণাং দেবর্ষীণাঞ্চ নারদঃ। গন্ধর্ব্বাণাং চিত্ররথঃ সিদ্ধানাং কপিলোমুনিঃ ॥ ২৬ ॥ উচ্চৈঃ-শ্রবসমশ্বানাং বিদ্ধি মামমৃতোদ্ভবং। ঐরাবতং গজেন্দ্রাণাং নরাণাঞ্চ নরাধিপং ॥ ২৭ ॥ আয়ুধানামহং বজ্রং ধেনূনামস্মি কামধুক্। প্রজন-শ্চাস্মি কন্দর্পঃ সর্পাণামস্মি বাসুকিঃ ॥ ২৮ ॥ অনন্তশ্চাস্মি নাগানাং বরুণো-যাদসামহং। পিতৃণামর্য্যমা চাস্মি যমঃ সংযমতামহং ॥ ২৯ ॥ প্রহ্লাদশ্চাস্মি দৈত্যানাং কালঃ কলয়তামহং। মৃগাণাঞ্চ মৃগেন্দ্রোঽহং বৈনতেয়শ্চ পক্ষিণাং ॥ ৩০ ॥ পবনঃ পবতামস্মি রামঃ শস্ত্রভৃতামহং। ঝষাণাং মকরশ্চাস্মি স্রোতসামস্মি জাহ্নবী ॥ ৩১ ॥ সর্গাণামাদিরন্তশ্চ মধ্যঞ্চৈবাহমর্জ্জুন। অধ্যাত্মবিদ্যা বিদ্যানাং বাদঃ প্রবদতামহং ॥ ৩২ ॥ অক্ষরাণামকারোঽস্মি দ্বন্দ্বঃ সামাসিকস্য চ। অহমেবাক্ষয়ঃ কালো-ধা-

স্বামিকৃত টীকা।

সেনাপতীনাং মধ্যে দেবসেনাপতিঃ স্কন্দোঽহমস্মি। সরসাং স্থিরজলাশয়ানাং মধ্যে সমুদ্রোঽস্মি ॥ ২৪ ॥ মহর্ষীণামিতি। গিরাং পদাত্মিকানাং মধ্যে একমক্ষরমোঙ্কারাখ্যং পদমস্মি ॥ ২৫ ॥ অশ্বত্থইতি। দেবাএব সন্তোষে মন্ত্রদর্শনেন ঋষিত্বং প্রাপ্তাস্তেষাং মধ্যে নারদোঽস্মি। সিদ্ধানামুৎপত্তিত-এবাধিগত-পরমার্থানাং মধ্যে কপিলাখ্যোমুনিরস্মি ॥ ২৬ ॥ উচ্চৈঃশ্রবসমিতি। অমৃতার্থং ক্ষীরোদাব্ধিমথনাদুদ্ভূতং উচ্চৈঃশ্রবস-নামাশ্বং মদ্বিভূতিং বিদ্ধি। অমৃতোদ্ভবমিত্যেতদৈরাবতেপি সংবুধ্যতে। নরাধিপং রাজানঞ্চ মাং বিদ্ধি ॥ ২৭ ॥ আয়ুধানামিতি। কামান্ দোগ্ধীতি কামধুক্। প্রজন-উৎপত্তিহেতুঃ কন্দর্পঃ কামোঽস্মি, ন কেবলং সম্ভোগমাত্রপ্রধানঃ কামোমদ্বিভূতিরশাস্ত্রীয়ত্বাৎ। সর্পাণাং রাজা বাসুকিরস্মি। ॥ ২৮ ॥ অনন্ত ইতি। নাগানাং রাজা অনন্তঃ শেষোঽস্মি। যাদসাং জলচরাণাং মধ্যে বরুণোঽস্মি। পিতৃণাং রাজা অর্য্যমাস্মি। সংযমতাং নিয়মং কুর্ব্বতাং মধ্যে যমোঽস্মি ॥ ২৯ ॥ প্রহ্লাদইতি। কলয়তাং বশীকুর্ব্বতাং মধ্যে কালোঽহমস্মি। মৃগেন্দ্রঃ সিংহঃ ॥ ৩০ ॥ পবনইতি। পবতাং পাবয়িতৃনাং বেগবতাং বা মধ্যে বায়ুরহমস্মি। রামোদাশরথিঃ। ঝষাণাং মৎস্যানাং মধ্যে মকরনামা জাতিবিশেষোঽহং। স্রোতসাং প্রবাহোদকানাং মধ্যে ভাগীরথী ॥ ৩১ ॥ সর্গাণামিতি। সৃজ্যন্ত-ইতি সর্গা আকাশাদয়স্তেষামাদিরন্তশ্চ মধ্যঞ্চৈ-বাহং। "অহমাদিশ্চ মধ্যঞ্চেত্যত্র" সৃষ্ট্যাদিকর্ত্তৃত্বং পারমৈশ্বর্য্যমুক্তং, অত্র তু সৃষ্টিস্থিতি-প্রলয়া মদ্বিভূতিত্বেন ধ্যেয়া-ইত্যুচ্যতইতি বিশেষঃ। অধ্যাত্মবিদ্যা আত্মবিদ্যা-প্রবদতাং বাদিনাং সম্বন্ধিনো-বাদ-জল্প-বিতণ্ডাখ্যাস্ত্রিবিধাঃ কথাঃ প্রসিদ্ধাস্তাসাং মধ্যে বাদোঽহং। যত্র জাত্যামপি প্রমাণতত্ত্বকর্ত্তব্যভক্ত স্বপক্ষঃ স্থাপ্যতে, পরপক্ষশ্ছলজাতি-নিগ্রহস্থানৈর্দূষ্যতে, স জল্পো-

হিত সকলের মধ্যে যিনি প্রধান, আমাকে সেই বৃহস্পতি জ্ঞান কর, সেনাপতিদিগের মধ্যে কার্ত্তিকেয় আমি, স্থির জলাশয়দিগের মধ্যে সমুদ্র আমি॥ ২৪॥ মহর্ষি সকলের মধ্যে ভৃগু আমি, পদ সকলের মধ্যে প্রণব আমি, যজ্ঞ সকলের মধ্যে জপরূপ যে যজ্ঞ তাহা আমি, স্থাবরদিগের মধ্যে হিমালয় আমি॥ ২৫॥ সকল বৃক্ষের মধ্যে অশ্বত্থ আমি, দেবর্ষিদিগের মধ্যে নারদ, গন্ধর্ব্বদিগের মধ্যে চিত্ররথ, সিদ্ধদিগের মধ্যে কপিল মুনি আমি॥ ২৬॥ অশ্বদিগের মধ্যে উচ্চৈঃশ্রবা নামে অশ্ব এবং হস্তীদিগের মধ্যে ঐরাবত নামক হস্তী যাহারা অমৃতার্থে ক্ষীর সমুদ্রমন্থনে জন্মিয়াছিল, আমাকে সেই হস্তী এবং ঘোটক আর মনুষ্যদিগের মধ্যে রাজা বলিয়া জানিবা॥ ২৭॥ অস্ত্র সকলের মধ্যে আমি বজ্র, ধেনুদিগের মধ্যে কামধেনু এবং প্রজার উৎপত্তিহেতু কাম ও সর্পদিগের মধ্যে বাসুকি আমি॥ ২৮॥ নাগদিগের মধ্যে অনন্ত আমি এবং জলচরদিগের মধ্যে বরুণ আমি, পিতৃগণের রাজা অর্য্যমা আমি, নিয়মরক্ষাকারিদিগের মধ্যে যম আমি॥ ২৯॥ দৈত্যদিগের মধ্যে প্রহ্লাদ, আর বশকারিদিগের মধ্যে কাল আমি, মৃগ অর্থাৎ বন্য পশুদিগের মধ্যে সিংহ, পক্ষিদিগের মধ্যে গরুড় আমি॥ ৩০॥ বেগবানদিগের মধ্যে পবন আমি, শস্ত্রধারি সকলের মধ্যে শ্রীরামচন্দ্র আমি, মৎস্যদিগের মধ্যে মকর নামক মৎস্য আমি, জলপ্রবাহবিশিষ্ট নদী সকলের মধ্যে গঙ্গা আমি॥ ৩১॥ সৃষ্ট যে আকাশাদি পঞ্চ মহাভূত, তাহাদিগের আদি মধ্য অন্ত (অর্থাৎ উৎপত্তি স্থিতি প্রলয়-কর্ত্তা) আমি। বিদ্যা সকলের মধ্যে অধ্যাত্মবিদ্যা অর্থাৎ আত্মজ্ঞান আমি, আর বক্তাদিগের বাক্যের মধ্যে যে বাদ (অর্থাৎ তত্ত্বজ্ঞানসম্বন্ধীয় কথা) সেই বাদ নামক বাক্য আমি॥ ৩২॥ বর্ণ সকলের মধ্যে অকার এবং সমাস সকলের মধ্যে দ্বন্দ্ব (অর্থাৎ উভয়-পদ-প্রধান, যেমন রামকৃষ্ণৌ) আমি, আর পল-দণ্ডাদিরূপ যে কাল তাহাদিগের মধ্যে অক্ষয়কাল এবং ক্রিয়াফলের বিধানকর্ত্তাদিগের মধ্যে বিশ্বতোমুখ নামক বিধাতা

স্বামিকৃত টীকা।

নাম, যত্র স্বেকঃ স্বপক্ষং স্থাপয়তি, অন্যস্তু ছলজাতিনিগ্রহস্থানৈস্তৎ পক্ষং দূষয়তি, নতু স্বপক্ষং স্থাপয়তি, সা বিতণ্ডা নাম কথা; তত্র জল্পবিতণ্ডে বিজিগীষমাণয়োর্বাদিনোঃ শক্তিপরীক্ষামাত্রফলে। বাদস্তু বীতরাগয়োঃ শিষ্যাচার্য্যয়োরন্যয়োর্ব্বা তত্ত্বনিরূপণফলঃ, অতোঽসৌ শ্রেষ্ঠত্বান্মদ্বিভূতিরিত্যর্থঃ॥ ৩২॥ অক্ষরাণামিতি। অক্ষরাণাং বর্ণানাং মধ্যে অকারোঽস্মি, তস্য বাঙ্ময়স্যৈব শ্রেষ্ঠত্বাৎ। তথা চ শ্রুতিঃ "অকারো বৈ সর্ব্বা বাক্ সৈষা স্পর্শোষ্মভির্ব্যজ্যমানা বহ্বী নানারূপা ভবতীতি" তুপরত ইতি শ্রৈষ্ঠ্যং। সামাসিকস্য সমাস-সমূহস্য মধ্যে দ্বন্দ্বঃ রামকৃষ্ণাবিত্যাদি

তাহং বিশ্বতোমুখঃ ॥ ৩৩ ॥ মৃত্যুঃ সর্ব্বহরশ্চাহমুদ্ভবশ্চ ভবিষ্যতাং।
কীর্ত্তিঃ শ্রীর্বাক্ চ নারীণাং স্মৃতির্মেধা ধৃতিঃ ক্ষমা ॥ ৩৪ ॥ বৃহৎসাম
তথা সাম্নাং গায়ত্রী ছন্দসামহং। মাসানাং মার্গশীর্ষোহমৃতূনাং কুসু-
মাকরঃ ॥ ৩৫ ॥ দ্যূতং ছলয়তামস্মি তেজস্তেজস্বিনামহং। জয়োঽস্মি
ব্যবসায়োঽস্মি সত্ত্বং সত্ত্ববতামহং ॥ ৩৬ ॥ বৃষ্ণীনাং বাসুদেবোঽস্মি পাণ্ড-
বানাং ধনঞ্জয়ঃ। মুনীনামপ্যহং ব্যাসঃ কবীনামুশনাঃ কবিঃ ॥ ৩৭ ॥
দণ্ডো-দময়তামস্মি নীতিরস্মি জিগীষতাং। মৌনঞ্চৈবাস্মি গুহ্যানাং
জ্ঞানং জ্ঞানবতামহং ॥ ৩৮ ॥ যচ্চাপি সর্ব্বভূতানাং বীজং তদহমর্জ্জুন। ন
তদস্তি বিনা যৎ স্যান্ময়া ভূতং চরাচরং ॥ ৩৯ ॥ নান্তোঽস্তি মম দিব্যা-
নাং বিভূতীনাং পরন্তপ। এষ তূদ্দেশতঃ প্রোক্তো-বিভূতের্ব্বিস্তরো-ময়া ॥
৪০ ॥ যদ্যদ্বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা। তত্তদেবাবগচ্ছ ত্বং মম
তেজোঽংশসম্ভবং ॥ ৪১ ॥ অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন ধনঞ্জয়।

স্বামিকৃত টীকা।

সমাসোঽস্মি, উভয়পদপ্রধানত্বেন শ্রেষ্ঠত্বাৎ। অক্ষয়ঃ প্রবাহরূপঃ কালোঽহমস্মি। কালঃ কল-
য়তামহমিত্যত্রায়ুর্গণনাত্মকঃ সম্বৎসর-শতাদ্যায়ুঃস্বরূপঃ কাল উক্তঃ, স চ ক্রমিমায়ুষি ক্ষীণে সতি,
ক্ষীয়তে। অত্র তু প্রবাহাত্মকোঽক্ষয়ঃ কাল উচ্যত-ইতি বিশেষঃ। কর্ম্মফলবিধাতৃণাং মধ্যে
বিশ্বতোমুখো-ধাতাহমিত্যর্থঃ ॥ ৩৩ ॥ মৃত্যুরিতি। সংহারকাণাং মধ্যে সর্ব্বহরো-মৃত্যুরহং।
ভাবিকল্যানাং প্রাণিনামুদ্ভবোঽভ্যুদয়োঽহং। নারীণাং মধ্যে কীর্ত্ত্যাদ্যাঃ সপ্ত দেবতারূপাঃ
স্ত্রিয়োঽহং, যাসামাভাসমাত্রযোগেন প্রাণিনঃ শ্লাঘ্যা ভবন্তীতি ত্যাঃ কীর্ত্ত্যাদ্যাঃ স্ত্রিয়োঽবিভূতয়ঃ
॥ ৩৪ ॥ বৃহদিতি। "ত্বামিদ্ধি হবামহে" ইত্যাস্যামৃচি গীয়মানং বৃহৎসামাহং, তেন ইন্দ্রঃ সর্ব্বে-
শ্বরত্বেন স্তূয়তইতি শ্রৈষ্ঠ্যং। ছন্দোবিশিষ্টানাং মন্ত্রাণাং মধ্যে গায়ত্রীমন্ত্রোঽহং, দ্বিজত্বো-
পাদকত্বেন সোমাহরণেন চ শ্রেষ্ঠত্বাৎ। কুসুমাকরো-বসন্তঃ ॥ ৩৫ ॥ দ্যূতমিতি। ছলয়তা
মন্যোন্যবঞ্চনপরাণাং সম্বন্ধি দ্যূতমস্মি। তেজস্বিনাং প্রভাবতাং তেজঃ প্রভাস্মি। জেতৄণাং
জয়োঽস্মি। ব্যবসায়িনামুদ্যমবতাং ব্যবসায়-উদ্যমোঽস্মি। সত্ত্ববতাং সাত্ত্বিকানাং সত্ত্ব-
মহং ॥ ৩৬ ॥ বৃষ্ণীনামিতি। বাসুদেবো-যোঽহং তামুপদিশামি। ধনঞ্জয়স্ত্বমেব মদ্বিভূতিঃ।
মুনীনাং বেদার্থমননশীলানাং বেদব্যাসোঽস্মি। কবীনাং শাস্ত্রদর্শিনামুশনোনামা কবিঃ
শুক্রঃ ॥ ৩৭ ॥ দণ্ডইতি। দময়তাং দমনকর্ত্তৄণাং সম্বন্ধী দণ্ডোঽস্মি, যেনাসংযতা-অপি
সংযতা ভবন্তি স দণ্ডোমদ্বিভূতিঃ। জেতুমিচ্ছতাং সম্বন্ধিনী সামাদিরূপা নীতিরস্মি। গুহ্যানাং
গোপ্যানাং গোপনহেতুর্মৌনমস্মি, নহি তূষ্ণীংস্থিতস্যাভিপ্রায়োজ্ঞায়তে। জ্ঞানবতাং
তত্ত্বজ্ঞানিনাং যজ্জ্ঞানং তদহং ॥ ৩৮ ॥ যচ্চাপীতি। যদপি সর্ব্বভূতানাং বীজং প্ররোহ-
কারণং তদহং। তত্র হেতুঃ-ময়া বিনা যৎ স্যাৎ ভবেৎ তচ্চরমচরং বা ভূতং নাস্ত্যে-
বেতি ॥ ৩৯ ॥ প্রকরণার্থমুপসংহরতি নান্তোঽস্তীতি। অনন্তপারবিভূতীনাং তাঃ সাক-

আমিই হই ॥ ৩৩ ॥ সংহারকদিগের মধ্যে সর্ব্বসংহারক যে মৃত্যু তাহা আমি, আর উৎপন্ন হইবে যে প্রাণি সকল, তাহারদিগের উৎপত্তি আমি এবং স্ত্রী সকলের মধ্যে কীর্ত্তি, শ্রী, বাক্, স্মৃতি, মেধা, ধৃতি, ক্ষমা, এই সাত দেবী যাঁহাদের অবলোকন মাত্র প্রাণিরা শ্লাঘা জ্ঞান করে, তাহা আমি ॥ ৩৪ ॥ সাম-বেদোক্ত শ্রুতি সকলের মধ্যে বৃহৎ-সাম, আর ছন্দোবিশিষ্ট মন্ত্র সকলের মধ্যে গায়ত্রী মন্ত্র আমি। মাস সকলের মধ্যে অগ্রহায়ণ মাস এবং ঋতু সকলের মধ্যে বসন্ত ঋতু আমি॥ ৩৫ ॥ ছলকারি দিগের দ্যূতক্রিয়া আমি, এবং প্রভাববিশিষ্টদিগের প্রভা আমি, আর জয়শীলদিগের জয় আমি এবং উদ্যমবিশিষ্টদিগের উদ্যম আমি ও সাত্ত্বিকদিগের সত্ত্বগুণ আমি ॥৩৬॥ বৃষ্ণিবংশীয়দিগের মধ্যে বাসুদেব (অর্থাৎ তোমার উপদেশক এই আমি) ও পাণ্ডবদিগের মধ্যে অর্জ্জুন (তুমি) এবং মুনিদিগের (অর্থাৎ বেদার্থ-জ্ঞানিদিগের) মধ্যে ব্যাস, ও শাস্ত্রদর্শিদিগের মধ্যে শুক্রাচার্য্য আমি ॥ ৩৭ ॥ দমনকর্ত্তাদিগের দণ্ড (অর্থাৎ যাহার দ্বারা লোক সকলের দুরাত্মতা বারণ করা যায় তাহা) আমি এবং জয়েচ্ছুদিগের নীতি (অর্থাৎ সাম, দান, ভেদ, দণ্ড,) আমি, আর গোপনীয় বিষয় সকলের গোপনের কারণ যে মৌন তাহা আমি এবং তত্ত্বজ্ঞানি দিগের জ্ঞান আমি ॥ ৩৮ ॥ সকল প্রাণির বীজ অর্থাৎ উৎপত্তির কারণ আমি, হে অর্জ্জুন ! আমা ব্যতিরেকে স্থাবর বা জঙ্গম কোন বস্তুই নাই ॥৩৯॥ হে শত্রুতাপন ! আমার আশ্চর্য্য বিভূতি সকলের অন্ত নাই, অতএব সংক্ষেপে বিভূতিবিস্তার কহিলাম ॥ ৪০ ॥ (ভগবদ্বিভূতিশ্রবণে অর্জ্জুনের আকাঙ্ক্ষানিবৃত্তি হয় না এজন্য পুনর্ব্বার বিস্তার কহিতেছেন) যে সকল বস্তু ঐশ্বর্য্যযুক্ত বা সম্পত্তিযুক্ত কিম্বা বল, প্রভাব, বা গুণদ্বারা শ্রেষ্ঠ হয়, তুমি জানিবা যে, সে সকল আমার প্রভাবের অংশে জাত হইয়াছে ॥ ৪১ ॥ (আরো সংক্ষেপে কহিতেছেন) অথবা পৃথক্২ বিবিধ বিভূতিচিন্তায় তোমার কোন প্রয়োজন নাই, আমি একাংশে

স্বামিকৃত টীকা।

ল্যেন বক্তুং ন শক্যন্তে। এষ তু বিভূতিবিস্তর-উদ্দেশতঃ সংক্ষেপতঃ প্রোক্তঃ ॥ ৪০ ॥ পুনশ্চ সাকাঙ্ক্ষং প্রতি কথঞ্চিৎ সাকল্যেন কথয়তি যদ্যদিতি। বিভূতিমদৈশ্বর্য্যযুক্তং শ্রীমৎ সম্পত্তিযুক্তং ঊর্জ্জিতং কেনাপি প্রভাববলাদিনা গুণেনাতিশয়িতং যদ্যৎ সত্ত্বং বস্তুমাত্রং তত্তদেব মম তেজসঃ প্রভাবস্যাংশেন সম্ভূতং জানীহি ॥ ৪১ ॥ অথবা কিমেতেন পরিচ্ছিন্নবিভূতিদর্শনেন, সর্ব্বত্র মদ্বুদ্ধিমেব কুর্ব্বিত্যাহ অথবেতি। বহুনা পৃথগ্জ্ঞাতেন কিং তব কার্য্যং? ক্ষমাদিদং সর্ব্বং জগদেকাংশেনৈকদেশমাত্রেণ বিষ্টভ্য ধৃত্বা, ব্যাপ্যেতি বা, অহমেব স্থিতঃ, ন

বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো-জগৎ ॥ ৪২ ॥ ইতিশ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে বিভুতিযোগোনাম দশমোঽধ্যায়ঃ।

অর্জ্জুনউবাচ।

মদনুগ্রহায় পরমং গুহ্যমধ্যাত্মসংজ্ঞিতং। যত্ত্বয়োক্তং বচস্তেন মোহোঽয়ং বিগতোমম ॥ ১ ॥ ভবাপ্যয়ৌ হি ভূতানাং শ্রুতো-বিস্তরশো-ময়া। ত্বত্তঃ কমলপত্রাক্ষ মাহাত্ম্যমপি চাব্যয়ং ॥ ২ ॥ এবমেতদ্যথাত্থ ত্বমাত্মানং পরমেশ্বর। দ্রষ্টুমিচ্ছামি তে রূপমৈশ্বরং পুরুষোত্তম ॥ ৩ ॥ মন্যসে যদি তচ্ছক্যং ময়া দ্রষ্টুমিতি প্রভো। যোগেশ্বর ততো-মে ত্বং দর্শয়াত্মানমব্যয়ং ॥ ৪ ॥ শ্রীভগবানুবাচ। পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ। নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ। ৫ ॥

স্বামিকৃত টীকা।

মদ্ব্যতিরিক্তং কিঞ্চিদস্তি "পাদোঽস্য বিশ্বাভূতানীতি,, শ্রুতেঃ ॥ ৪২ ॥ ইন্দ্রিয়দ্বারতশ্চিত্তো বহির্ধাবতি সত্যপি। ঈশদৃষ্টিবিধানায় বিভূতীর্দ্দশমেঽব্রবীৎ ॥

ইতিশ্রীভগবদ্গীতাটীকায়াং সুবোধন্যাং দশমঃ।

বিভূতৈর্ব্বৈভবং প্রোচ্য কৃপয়া পরয়া হরিঃ। দিদৃক্ষোরর্জ্জুনস্যাথ বিশ্বরূপমদর্শয়ৎ। পুর্ব্বাধ্যায়ান্তে "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো-জগদিতি" বিশ্বাত্মকং পরমেশ্বররূপমুপক্ষিপ্তং, তদ্দিদৃক্ষুঃ পূর্ব্বোক্তমভিনন্দন্নর্জ্জুন-উবাচ মদনুগ্রহায়েতি চতুর্ভিঃ। মমানুগ্রহায় শোকনিবৃত্তয়ে পরমং পরমাত্মনিষ্ঠং গুহ্যং গোপ্যমপি অধ্যাত্মসংজ্ঞিতমাত্মবিবেকবিষয়ং যত্ত্বয়োক্তং বচঃ "অশোচ্যানন্বশোচস্ত্বমিত্যাদি" ষষ্ঠাধ্যায়পর্য্যন্তং যদ্বাক্যং, তেন মমায়ং মোহোঽহংহন্তা এতে হন্যন্তে ইত্যাদি-লক্ষণভ্রমো-বিগতো-বিনষ্টঃ। আত্মনঃ কর্ত্তৃত্বাদ্যভাবোক্তেঃ ॥ ১ ॥ কিঞ্চ ভবেতি। ভূতানাং ভবাপ্যয়ৌ সৃষ্টিপ্রলয়ৌ ত্বত্তঃ সকাশাদেব ভবত ইতি শ্রুতোময়া "অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবং প্রলয়স্তথেত্যাদৌ" বিস্তরশঃ পুনঃ পুনঃ। কমলস্য পত্রে ইব সুপ্রসন্নে বিশালে অক্ষিণী যস্য স, হে কমলপত্রাক্ষ! মাহাত্ম্যমপি চাব্যয়ং অক্ষয়ং শ্রুতং। বিশ্বসৃষ্ট্যাদিকর্ত্তৃত্বেঽপি শুভাশুভকর্ম্মকারয়িতৃত্বেঽপি বন্ধমোক্ষবিচিত্রফলদাতৃত্বেঽপি অবিকারাবৈষম্যাসঙ্গৌদাসীন্যাদিলক্ষণমপরিমিতং মহত্ত্বঞ্চ শ্রুতং; অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়ইতি, ময়া ততমিদং সর্ব্বমিতি, নচ মাং তানি কর্ম্মাণীতি, সমোঽহং সর্ব্বভূতেষ্বিত্যাদিনা চ। অতস্ত্বৎ-পরতন্ত্রাণামপি জীবানামহং হন্তেতি মদীয়ো-মোহোবিগত ইতি ভাবঃ ॥ ২ ॥ কিঞ্চ এবমেতদিতি। ভবাপ্যয়ৌ হি ভূতানামিত্যাদি ময়া শ্রুতং, যথা চেদানীমাত্মানং ত্বমাথ "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতোজগদিত্যেবং" কথয়সি, হে পরমেশ্বর! এতদেবমেব; অত্রাপ্যবিশ্বাসোমম নাস্তি, তথাপি

সমস্ত জগৎকে ব্যাপ্ত করিয়া আছি (অর্থাৎ আমিভিন্ন আর কোন বস্তুই নাই) তুমি এই রূপে সর্ব্বত্র ঈশ্বর দৃষ্টি কর ॥ ৪২ ॥

[ব্যাসের কৃত শতসহস্র (অর্থাৎ লক্ষ) শ্লোক সংহিতা মহাভারতের অন্তর্গত ভীষ্মপর্ব্বের মধ্যস্থিত যে ব্রহ্মবিদ্যাপ্রকাশক উপনিষদস্বরূপ ভগবদ্গীতা নামক যোগশাস্ত্র তাহার দশমাধ্যায়ের এই শেষ হইল।]

(সকল বস্তুতে ঈশ্বরজ্ঞানার্থে বিভূতিবিস্তার কহিলেন, তাহার মধ্যে শেষ-শ্লোকে "আমি একাংশে জগৎকে ধারণ করিয়া আছি" ইহা শুনিয়া সেই জগদ্ব্যাপক রূপ দর্শনার্থি অর্জ্জুন বিশ্বরূপ দর্শনার্থ কহিতেছেন) আমার শোকনিবৃত্তি নিমিত্ত পরমাত্মনিষ্ঠ অতি গুপ্ত আত্মবিবেকবিষয়ক বাক্য যাহা কহিয়াছ তাহার দ্বারা "এই হন্তা ইহারা হন্যমান" আমার এ ভ্রম নষ্ট হইয়াছে ॥১॥ হে কমলপত্রাক্ষ! প্রাণিদিগের উৎপত্তি এবং সংহার তোমার নিকট বিস্তারিত শুনিয়াছি, আর তোমার অক্ষয় মাহাত্ম্যও শ্রবণ করিয়াছি ॥ ২ ॥ হে পরমেশ্বর! (দশমাধ্যায়ের শেষ শ্লোকে) তুমি যাহা কহিলে ("আমি একাংশদ্বারা জগৎকে ব্যাপ্ত করিয়া আছি") ইহা যথার্থ, তাহাতে আমার অবিশ্বাস হয় নাই, তথাপি হে পুরুষোত্তম! জ্ঞান, ঐশ্বর্য্য শক্তি ও বীর্য্যাদিদ্বারা সর্ব্বতোভাবে পরিপূর্ণ যে তোমার সেই রূপ তাহা দর্শন করিতে ইচ্ছা করি ॥ ৩ ॥ (আমি সেই রূপ দেখিতে ইচ্ছা করি, কেবল এই নিমিত্তই নয়) হে প্রভো, যদি তুমি এমত জ্ঞান কর যে, তোমার সেই রূপ দর্শন করিতে আমি সমর্থ হইব, হে যোগেশ্বর! তবে সেই আত্মস্বরূপ যে নিত্যপদার্থ তাহা আমাকে দর্শন করাও ॥ ৪ ॥ (অর্জ্জুন এই প্রার্থনা করিলে তাঁহাকে ঐ রূপ দর্শন করাইবার নিমিত্ত সাবধান করিয়া "পশ্য ইত্যাদি" শ্লোক-চতুষ্টয়দ্বারা শ্রীভগবান কহিতেছেন) হে অর্জ্জুন! শতসহস্র প্রকার (অর্থাৎ অপরিমিত নানা বর্ণ) এবং নানা আকৃতিযুক্ত যে আমার অলৌকিক রূপ তাহা দেখ ॥ ৫ ॥ আমার শরীরে দেবতাবিশেষ যে আদিত্যগণ, বসুগণ রুদ্রগণ,

স্বামিকৃত টীকা।

হে পুরুষোত্তম, তবৈশ্বর্য্যং জ্ঞানৈশ্বর্য্যশক্তিবীর্য্যাদিভিঃ সম্পন্নং ত্বদ্রূপং কৌতূহলাদহং দ্রষ্টুমিচ্ছামি ॥ ৩ ॥ নচাহং দ্রষ্টুমিচ্ছামীত্যেতাবতৈব ত্বয়া ত্বদ্রূপং দর্শয়িতব্যং কিং তর্হি মন্যসইতি। যোগিনএব হোগাস্তেষামীশ্বর! ময়ার্জ্জুনেন তদ্রূপং দ্রষ্টুং শক্যমিতি যদি মন্যসে, ততস্তর্হি তদ্রূপং পরমাত্মানমব্যয়ং নিত্যং মম দর্শয় ॥ ৪ ॥ এবং প্রার্থিতঃ সন্নত্যদ্ভুতং রূপং দর্শয়িষ্যন্ সাবধানোভবেত্যেবমর্জ্জুনমভিমুখীকরোতি শ্রীভগবানুবাচ পশ্যেতি চতুর্ভিঃ। রূপস্যৈকত্বেঽপি নানাবিধত্বাদ্রূপাণীতি বহুবচনং। অপরিমিতানি অনেকপ্রকারাণি দিব্যান্যলৌকিকানি মম রূপাণি পশ্য। বর্ণাঃ শুক্লকৃষ্ণাদয়ঃ আকৃতয়ঃ অবয়ববিশেষাঃ নানা অনেকবর্ণা আকৃতয়শ্চ যেষাং তানি নানাবর্ণাকৃতীনি ॥ ৫ ॥ তান্যেবাহ পশ্যেতি। আদি-

পশ্যাদিত্যান্ বসূন্ রুদ্রানশ্বিনৌ মরুতস্তথা। বহূন্যদৃষ্টপূর্ব্বাণি পশ্যাশ্চর্য্যাণি ভারত ॥ ৬ ॥ ইহৈকস্থং জগৎ কৃৎস্নং পশ্যাদ্য সচরাচরং। মম দেহে গুড়াকেশ! যচ্চান্যৎ দ্রষ্টুমিচ্ছসি ॥ ৭ ॥ নতু মাং শক্যসে দ্রষ্টুমনেনৈব স্বচক্ষুষা। দিব্যং দদামি তে চক্ষুঃ পশ্য মে যোগমৈশ্বরং ॥ ৮ ॥ সঞ্জয় উবাচ। এবমুক্ত্বা ততোরাজন্ মহাযোগেশ্বরো-হরিঃ। দর্শয়ামাস পার্থায় পরমং রূপমৈশ্বরং ॥ ৯ ॥ অনেক-বক্ত্র-নয়ন-মনেকাদ্ভুতদর্শনং। অনেকদিব্যাভরণং দিব্যানেকোদ্যতায়ুধং ॥ ১০ ॥ দিব্য মাল্যাম্বরধরং দিব্যগন্ধানুলেপনং। সর্ব্বাশ্চর্য্যময়ং দেবমনন্তং বিশ্বতোমুখং ॥ ১১ ॥ দিবি সূর্য্যসহস্রস্য ভবেদ্যুগপদুত্থিতা। যদি ভাঃ সদৃশী সা স্যাৎ ভাসস্তস্য মহাত্মনঃ ॥ ১২ ॥ তত্রৈকস্থং জগৎ কৃৎস্নং প্রবিভক্তমনেকধা। অপশ্যদ্দেবদেবস্য শরীরে পাণ্ডবস্তদা ॥ ১৩ ॥ ততঃ স বিস্ময়াবিষ্টো-হৃষ্টরোমা ধনঞ্জয়ঃ। প্রণম্য শিরসা দেবং কৃতাঞ্জলির-ভাষত ॥ ১৪ ॥ অর্জ্জুন-উবাচ। পশ্যামি দেবাংস্তব দেব দেহে সর্ব্বাং-

স্বামিকৃত টীকা।

ত্যাদীন মম দেহে পশ্য। মরুত-একোনপঞ্চাশদ্দেবতাবিশেষান্। অদৃষ্টপূর্ব্বাণি ত্বয়া চান্যেন বা পূর্ব্বমদৃষ্টানি রূপাণি ॥ ৬ ॥ কিঞ্চ ইহৈকস্থমিতি। তত্র তত্র পরিভ্রমতাং বর্ষকোটিভিরপি দ্রষ্টুমশক্যং কৃৎস্নমপি চরাচরসহিতং জগদিহাস্মিন্ মম দেহেঽবয়বরূপেণৈকত্রস্থিতমদ্যাধুনৈব পশ্য। যচ্চান্যজ্জগদাশ্রয়ভূতং কারণস্বরূপং জগতশ্চাবস্থাবিশেষাদিকং জয়পরাজয়াদিকঞ্চ যদপ্যন্যদ্দ্রষ্টুমিচ্ছসি তৎসর্ব্বং পশ্য ॥ ৭ ॥ যদুক্তমর্জ্জুনেন "মন্যসে যদি তচ্ছক্যমিতি" তত্রাহ-নতু মামিতি। অনেনৈব স্বীয়েন চর্ম্মচক্ষুষা মাং দ্রষ্টুং ন শক্যসে শক্তো-ন ভবিষ্যসি। অতো-দিব্যমলৌকিকং জ্ঞানাত্মকং চক্ষুস্তুভ্যং দদামি, মমৈশ্বরমসাধারণং যোগং যুক্তিং অঘটনঘটনাসামর্থ্যং পশ্য ॥ ৮ ॥ এবমুক্ত্বা ভগবানর্জ্জুনায় স্বরূপং দর্শিতবাংস্তচ্চ রূপং দৃষ্ট্বার্জ্জুনঃ শ্রীকৃষ্ণং বিজ্ঞাপিতবানিতীমমর্থং ষড়্ভিঃ শ্লোকৈর্ধৃতরাষ্ট্রং প্রতি সঞ্জয়উবাচ এবমুক্ত্বেতি। হে রাজন্ ধৃতরাষ্ট্র! মহাংশ্চাসৌ যোগেশ্বরশ্চ হরিঃ পরমমৈশ্বরং রূপং দর্শিতবান্ ॥ ৯ ॥ কথংভূতং তদিত্যত্রাহ অনেকবক্ত্রনয়নমিতি। অনেকানি বক্ত্রাণি নয়নানি যস্মিংস্তৎ। অনেকানামদ্ভুতানাং দর্শনং যস্মিংস্তৎ। অনেকানি দিব্যাভরণানি যস্মিংস্তৎ। দিব্যান্যনেকান্যুদ্যতান্যায়ুধানি যস্মিংস্তৎ ॥ ১০ ॥ কিঞ্চ দিব্যেতি। দিব্যানি মাল্যান্যম্বরাণি চ ধারয়তীতি তথা দিব্যো-গন্ধোযস্য তাদৃশমনুলেপনং যস্য তৎ। সর্ব্বাশ্চর্য্যময়মনেকাশ্চর্য্যপ্রায়ং। দেবং দ্যোতনাত্মকং। অনন্তমপরিচ্ছিন্নং। বিশ্বতঃ সর্ব্বতোমুখানি যস্মিংস্তৎ ॥ ১১ ॥ বিশ্বরূপদীপ্তের্নিরুপমত্বমাহ দিবি সূর্য্যেতি। আকাশে সূর্য্যসহস্রস্য যুগপদুত্থিতস্য যদি যুগপদুত্থিতা ভাঃ প্রভা ভবেত্তর্হি সা মহাত্মনোবিশ্বরূপস্য ভাসঃ প্রভায়াঃ কথঞ্চিৎ সদৃশী স্যাৎ, অন্যোপমা

অশ্বিনীকুমারদ্বয় এবং মরুৎগণ, ইহাদিগকে দর্শন কর, আর তোমার এবং অন্য, কাহারো যাহা পূর্ব্বে কদাপি দৃষ্ট হয় নাই, এমত অনেক আশ্চর্য্য বিষয় দেখ ॥ ৬ ॥ (কোটি কোটি বৎসর পরিভ্রমণ করিয়া যে সকল স্থাবর-জঙ্গম কেহ দেখিতে পায় না সেই সকল) স্থাবর-জঙ্গম-সহিত সম্পূর্ণ জগৎ আমার শরীরে অবয়বস্বরূপে একত্র আছে, তুমি এইক্ষণেই দেখ। আর হে জিত-নিদ্র! জগতের বিশেষ২ অবস্থা, হ্রাস, বৃদ্ধি, জয় পরাজয় প্রভৃতি, যাহা অন্যত্র দেখিতে ইচ্ছা করিয়া থাক, তাহাও দৃষ্টি কর ॥ ৭ ॥ তুমি আপনার এই চর্ম্ম-চক্ষুর্দ্বারা সে রূপবিশিষ্ট আমাকে দেখিতে পাইবা না, অতএব তোমাকে দিব্য চক্ষুঃ প্রদান করি, অঘটন-ঘটনায় পটু যে আমার অসাধারণ রূপ, দিব্যচক্ষু র্দ্বারা তাহা দর্শন কর ॥ ৮ ॥ (ইহা কহিয়া শ্রীভগবান অর্জ্জুনকে যে প্রকার রূপ দর্শন করাইয়াছিলেন এবং তাহা দেখিয়া অর্জ্জুন শ্রীভগবানকে যাহা নিবেদন করেন, ৩ শ্লোকদ্বারা সঞ্জয় ধৃতরাষ্ট্রকে তাহা কহিতেছেন) হে মহা-রাজ ধৃতরাষ্ট্র! মহাযোগেশ্বর (অর্থাৎ যোগিদিগেরও পরম নিয়ন্তা) শ্রীভগবান ইহা কহিয়া অর্জ্জুনোদ্দেশে পরমাশ্চর্য্য অসাধারণ রূপ দর্শন করাইয়াছিলেন ॥ ৯ ॥ (সে রূপ কি প্রকার? তাহা কহিতেছেন) অসংখ্য মুখচক্ষু, আশ্চর্য্য দর্শনযোগ্য অনেক প্রকার বস্তু এবং অনেক বিচিত্রাভরণ ও প্রহার করিতে উন্মুখ এই মত অলৌকিক অনেক অস্ত্রবিশিষ্ট শরীর ॥ ১০ ॥ দিব্য মালা এবং দিব্য বস্ত্রধারী ও দিব্য গন্ধদ্রব্যাবলিপ্ত ও সর্ব্বত্র মুখযুক্ত, প্রকাশ-স্বরূপ এবং ইয়ত্তা রহিত, আর যাঁহা যাহা আছে সে সকলও আশ্চর্য্য ॥ ১১ ॥ যদি আকাশে এককালীন উদিত সহস্র সূর্য্যের প্রভা প্রকাশ পায় তবে সেই বৃহৎ শরীরের কান্তির এক প্রকার হীন দৃষ্টান্ত হইতে পারে ॥ ১২ ॥ সেই শ্রীভগবৎশরীরে হস্তপাদাদি অবয়বরূপ বিভাগক্রমে সমুদায় জগৎ একত্রিত আছে সে সময়ে অর্জ্জুন ইহা দেখিলেন ॥ ১৩ ॥ তদনন্তর অর্জ্জুন বিস্ময়াপন্ন এবং লোমাঞ্চিতগাত্র হইয়া শ্রীভগবানকে দণ্ডবৎ প্রণাম করিয়া কৃতাঞ্জলিপূর্ব্বক কহিলেন ॥ ১৪ ॥ (অর্জ্জুনের উক্তি।) হে ভগবন্! তোমার শরীরে আদিত্যাদি

স্বামিকৃত টীকা।

নাস্ত্যেবেত্যর্থঃ। তথাভূতং রূপং দর্শয়ামাসেতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১২ ॥ ততঃ কিং বৃত্তমিত্য-পেক্ষায়ামাহ তত্রেতি। অনেকধা প্রবিভক্তং নানাভাগেনাবস্থিতং কৃৎস্নং জগদ্দেবদেবস্য শরীরে তদবয়বত্বেনৈকত্রব্যবস্থিতং তদা পাণ্ডবোঽর্জ্জুনোঽপশ্যৎ ॥ ১৩ ॥, এবং দৃষ্ট্বা কিং কৃতবানিত্যত্রাহ ততইতি। তত্তোদর্শনানন্তরং বিস্ময়েনাবিষ্টোব্যাপ্তঃ হৃষ্টান্যুৎপুলকিতানি রোমাণি যস্য স ধনঞ্জয়স্তমেব দেবং শিরসা প্রণম্য কৃতাঞ্জলিঃ সংপুটীকৃতহস্তোভূত্বা অভাষত উক্তবান ॥ ১৪ ॥ তাবপমেবাহ পশ্যামীতি। তথা সর্ব্বান ভূতবিশেষাণাং জরায়ুজাণ্ডজাদীনাং

স্তথা ভূতবিশেষসংঘান্। ব্রহ্মাণমীশং কমলাসনস্থ-মৃষীংশ্চ সর্ব্বানুর-গাংশ্চ দিব্যান্॥ ১৫॥ অনেক-বাহূদরবক্ত্রনেত্রং পশ্যামি ত্বাং সর্ব্ব-তোঽনন্তরূপং। নান্তং ন মধ্যং ন পুনস্তবাদিং পশ্যামি বিশ্বেশ্বর বিশ্ব-রূপ॥ ১৬॥ কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ তেজোরাশিং সর্ব্বতোদীপ্তি মন্তং। পশ্যামি ত্বাং দুর্নিরীক্ষ্যং সমন্তাদ্দীপ্তানলার্কদ্যুতিমপ্রমেয়ং ॥১৭॥ ত্বমক্ষরং পরমং বেদিতব্যং ত্বমস্য বিশ্বস্য পরং নিধানং। ত্বমব্যয়ঃ শাশ্ব-তধর্ম্মগোপ্তা সনাতনস্ত্বং পুরুষো-মতোমে॥ ১৮॥ অনাদিমধ্যান্তমনন্ত-বীর্য্য-মনন্তবাহুং শশিসূর্য্যনেত্রং। পশ্যামি ত্বাং দীপ্তহুতাশবক্ত্রং স্বতে-জসা বিশ্বমিদং তপন্তং॥ ১৯॥ দ্যাবাপৃথিব্যোরিদমন্তরং হি ব্যাপ্তং ত্বয়ৈকেন দিশশ্চ সর্ব্বাঃ। দৃষ্ট্বাদ্ভুতং রূপমিদং তবোগ্রং লোকত্রয়ং প্রব্যথিতং মহাত্মন্॥ ২০॥ অমী হি ত্বাং সুরসংঘা বিশন্তি কেচিদ্ভীতাঃ প্রাঞ্জলয়ো-গৃণন্তি। স্বস্তীত্যুক্ত্বা মহর্ষিসিদ্ধসংঘা-স্তুবন্তি ত্বাং স্তুতিভিঃ পুষ্কলাভিঃ॥ ২১॥ রুদ্রাদিত্যা-বসবো-যে চ সাধ্যা বিশ্বেঽশ্বিনৌ মরু-তশ্চোষ্মপাশ্চ। গন্ধর্ব্বযক্ষাসুরসিদ্ধসংঘা বীক্ষন্তে ত্বাং বিস্মিতাশ্চৈব সর্ব্বে॥ ২২॥ রূপং মহত্তে বহুবক্ত্রনেত্রং মহাবাহো বহুবাহূরুপাদং।

স্বামিকৃত টীকা।

সংঘাংশ্চ তথা দিব্যানৃষীন্ বশিষ্ঠাদীন্ উরগাংশ্চ তক্ষকাদীন্ তথা তেষাং দেবাদীনামীশং স্বামিনং ব্রহ্মাণঞ্চ, কথংভূতং? কমলাসনস্থং পৃথিবীপদ্মকর্ণিকায়াং মেরৌ স্থিতমিত্যর্থঃ॥ ১৫॥ কিঞ্চ অনেকেতি। অনেকানি বাহ্বাদীনি যস্য তাদৃশং ত্বাং পশ্যামি। অনন্তানি রূপাণি যস্য তং ত্বাং সর্ব্বতঃ পশ্যামি। তব তু অন্তং মধ্যমাদিঞ্চ ন পশ্যামি সর্ব্বগতত্বাৎ॥ ১৬॥ কিঞ্চ কিরীটিনমিতি। মুকুটবন্তং গদাবন্তং চক্রবন্তং সর্ব্বতোদীপ্তিমন্তং তেজঃপুঞ্জরূপং তথা দুর্নিরীক্ষ্যং দ্রষ্টুমশক্যং, তত্র হেতুঃ, দীপ্তয়োরনলার্কয়োর্দ্যুতিরিব দ্যুতির্যস্য তং, অতএবাপ্রমেয়ং, এবংভূত-ইতি নিশ্চেতুমশক্যং ত্বাং সমন্ততঃ পশ্যামি॥ ১৭॥ যস্মাদেবং তবাতর্ক্যমৈশ্বর্য্যং তস্মাত্ত্বমিতি। ত্বমেবাক্ষরং পরমং ব্রহ্ম। কথংভূতং? বেদিতব্যং মুমুক্ষুভির্জ্ঞাতব্যং। ত্বমে-বাস্য বিশ্বস্য পরং নিধানং। নিধীয়তেঽস্মিন্নিতি নিধানং প্রকৃষ্টাশ্রয়ঃ। অতএব ত্বমব্যয়ো-নিত্যঃ, শাশ্বতস্য নিত্যস্য ধর্ম্মস্য গোপ্তা পালকঃ। সনাতনশ্চিরন্তনঃ পুরুষো-মে মতঃ সম্মতোঽসি॥ ১৮॥ কিঞ্চ অনাদীতি। অনাদিমধ্যান্তং উৎপত্তিস্থিতিলয়রহিতং, অনন্তং বীর্য্যং প্রভাবোযস্য তং। শশিসূর্য্যৌ নেত্রে যস্য তাদৃশং ত্বাং পশ্যামি। তথা দীপ্তোহুতা-শোঽগ্নির্বক্ত্রেষু যস্য তং, স্বতেজসা ইদং বিশ্বং তপন্তং সন্তাপয়ন্তং পশ্যামি॥ ১৯॥ কিঞ্চ দ্যাবাপৃথিব্যো-রিদমন্তরমন্তরীক্ষং ত্বয়ৈবৈকেন ব্যাপ্তং, দিশশ্চ সর্ব্বা ব্যাপ্তাঃ। অদ্ভুতমদৃষ্ট-পূর্ব্বং ত্বদীয়মিদমুগ্রং ঘোরং রূপং দৃষ্ট্বা লোকত্রয়ং প্রব্যথিতমতিভীতং পশ্যামীতি পূর্ব্বেণা-নুষঙ্গঃ॥ ২০॥ কিঞ্চ অমী ইতি। অমী সুরসঙ্ঘা ভীতাঃ সন্তস্ত্বাং বিশন্তি, শরণং প্রবি-

